# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 05, 1433 Bangla, May 19, 2026, Tuesday, No. 136, 56th year

# H I G H L I G H T S

Holy Eid-ul-Azha will be celebrated in country on May 28 as the moon of Zilhajj was sighted. [BBC: 04]

National Economic Council has approved a record 3 lakh crore tk Annual Development Program for next fiscal. [R. Today: 18]

Finance & Planning Minister has informed, Bangladesh is steadily emerging as next major investment destination due to govt.'s reform initiatives. [R. Today: 20]

Home Minister has said, government will restructure Rapid Action Battalion as a people-friendly and responsible force. [Jago FM: 11]

The State Minister for Lands has announced launching of a geo-location-based monitoring system to monitor attendance of field-level officials to ensure transparency in land services. [Jago FM: 16]

Qatar has expressed keen interest in recruiting workers from Bangladesh in four skilled categories. [Jago FM: 13]

Singapore is ready to provide technological and training support to enhance professional capabilities of Bangladesh's law enforcement agencies. [R. Today: 20]

World Bank has approved $350 million loan to help Bangladesh managing fuel import and strengthen energy security. [DW: 10]

US President Donald Trump has warned that Iran will face "extreme consequences" if it does not agree to a peace deal soon. [BBC: 07]

Iran's Foreign Ministry has said, Tehran will not compromise on its right to enrich uranium. [BBC: 07]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

## দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
## জ্যৈষ্ঠ ০৫, বাংলা ১৪৩৩, মে ১৯, ২০২৬, মঙ্গলবার, নং- ১৩৬, ৫৬তম বছর

# শিরোনাম

জিলহজ মাসের চাঁদ দেখা যাওয়ায় আগামী ২৮ মে দেশে পবিত্র ঈদুল আযহা উদ্‌যাপিত হবে। [বিবিসি: ০৪]

আগামী অর্থবছরের জন্য রেকর্ড প্রায় তিন লাখ কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদ। [রে. টুডে: ১৮]

সরকারের সংস্কার উদ্যোগ , দ্রুত সিদ্ধান্ত গ্রহণ এবং উচ্চাভিলাষী উন্নয়ন কর্মসূচির কারণে বাংলাদেশ ধীরে ধীরে বিশ্বের পরবর্তী বড় বিনিয়োগ গন্তব্য হিসেবে আবির্ভূত হচ্ছে – বললেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রী ।[রে. টুডে: ২০]

আগামী দিনে র‍্যাবকে একটি জনবান্ধব ও দায়িত্বশীল বাহিনী হিসেবে পুনর্গঠন করা হবে --- জানালেন স্বরাষ্ট্রমন্ত্রী। [জাগো এফএম: ১১]

ভূমি সেবায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতে মাঠপর্যায়ের কর্মকর্তাদের কর্মস্থলে উপস্থিতি নজরদারিতে জিও-লোকেশনভিত্তিক মনিটরিং ব্যবস্থা চালুর ঘোষণা দিয়েছেন ভূমি প্রতিমন্ত্রী। [জাগো এফএম: ১৬]

বাংলাদেশ থেকে ইলেকট্রিশিয়ান, ওয়েল্ডিংসহ চার খাতে দক্ষ কর্মী নিতে আগ্রহ প্রকাশ কাতারের। [জাগো নিউজ: ১৩]

বাংলাদেশের পুলিশসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পেশাগত দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধিতে সব ধরনের প্রযুক্তিগত ও প্রশিক্ষণ সহযোগিতা প্রদান করতে আগ্রহী সিঙ্গাপুর। [রে. টুডে: ২০]

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে জ্বালানি আমদানির ক্রমবর্ধমান চাপ মোকাবিলা এবং দেশের জ্বালানি নিরাপত্তা জোরদার করতে বাংলাদেশের জন্য ৩৫ কোটি ডলার ঋণ অনুমোদন দিয়েছে বিশ্ব ব্যাংক। [ডয়চে ভেলে: ১০]

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরান যদি যুদ্ধ বন্ধে কোনো চুক্তিতে খুব তাড়াতাড়ি রাজি না হয়, তাহলে চরম পরিস্থিতির মোকাবিলা করতে হবে। [বিবিসি: ০৭]

ইউরেনিয়াম সমৃদ্ধকরণের অধিকার নিয়ে কোনো প্রকার আলোচনা করবে না ইরান, জানিয়েছেন দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। [বিবিসি: ০৭]

# বিবিসি

## প্রধানমন্ত্রীকে সভাপতি করে জাতীয় সমন্বয় কমিটি গঠন

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে সভাপতি করে নিরাপত্তা ও সামাজিক বিভিন্ন বিষয়ে ব্যবস্থা নিতে একটি জাতীয় সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের একটি প্রজ্ঞাপনে কমিটি গঠনের বিষয়টি জানানো হয়েছে। বাংলাদেশের রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসের একটি খবরে ওই কমিটির বিস্তারিত তুলে ধরা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, এই কমিটি বাংলাদেশের নিরাপত্তা ও সামাজিক স্থিতিশীলতা সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে কাজ করবে। প্রয়োজনে কাজের ক্ষেত্র নির্ধারণ, কর্মপরিকল্পনা তৈরি, পরিস্থিতি মূল্যায়ন, বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে অগ্রাধিকার নির্ধারণ, আন্তঃসংস্থা বাস্তবায়ন তদারকি করবে। প্রচলিত আইন ও বিধিবিধান পর্যালোচনা করা, সংশোধন ও সংস্কারের সুপারিশ, বিভিন্ন সংস্থা ও অনলাইন প্লাটফর্মসমূহ নিয়মিতভাবে তদারকি, গোয়েন্দা ও আইন-শৃঙ্খলা বাহিনীর মধ্যে প্রয়োজনীয় সমন্বয় করবে। নিরাপত্তা ও সামাজিক স্থিতিশীলতা নিশ্চিতকল্পে কমিটি কর্তৃক নির্ধারিত বিভিন্ন সংশ্লিষ্ট বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সংস্থাসমূহের কার্যপরিধি এবং ক্ষেত্র নির্ধারণ করবে। সেখানে বলা হয়েছে, কমিটির সভাপতি হচ্ছেন প্রধানমন্ত্রী, সহ-সভাপতি হচ্ছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রধান সমন্বয়ক হিসেবে রয়েছেন প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা বিষয়ক উপদেষ্টা। কমিটির সদস্যদের মধ্যে রয়েছেন, মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার, বাংলাদেশ পুলিশের পুলিশ মহাপরিদর্শক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)-এর মহাপরিচালক; জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই)-এর মহাপরিচালক; বাংলাদেশ বর্ডার গার্ড (বিজিবি)-এর মহাপরিচালক; ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেল (এনটিএমসি)-এর মহাপরিচালক; র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-এর মহাপরিচালক এবং স্পেশাল ব্রাঞ্চ অব পুলিশ (এসবি)-এর অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক। সহায়তাদানকারী কর্মকর্তাগণ হলেন- ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট (সিআইডি)-এর অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল সিকিউরিটি ইউনিট (এসএসইউ)-এর অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক ও বাংলাদেশ ব্যাংক ফাইন্যানশিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের প্রধান কর্মকর্তা; তবে তিনি কমিটি কর্তৃক আহ্বান করা হলে যোগদান করবেন এবং কমিটির চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন। সহায়তাকারী আরও সদস্য হলেন, মন্ত্রিপরিষদ বিভাগের জাতীয় নিরাপত্তাসংক্রান্ত সেলের প্রধান নির্বাহী কর্মকর্তা। কমিটির সচিবালয় সংক্রান্ত প্রয়োজনীয় জনবল ও অবকাঠামোগত সুবিধা দেবে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই)।

(বিবিসি ওয়েব পেজ : **১৮.০৫.২০২৬** আলী আহমেদ)

## এলিট ফোর্স হিসেবে র‍্যাব পরিচালনায় আসছে নতুন আইন, জানালেন স্বরাষ্ট্রমন্ত্রী

র‍্যাব পরিচালনায় নতুন আইন প্রণয়ন করা হচ্ছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। আজ সোমবার দুপুরে ঢাকার কুর্মিটোলায় র‍্যাবের ২২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে সদর দপ্তরে আয়োজিত এক মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, ”আমরা আশা করছি, আগামী দিনে সম্পূর্ণভাবে মানবাধিকারকে সমুন্নত রেখে র‍্যাব তার সকল কার্যক্রম পরিচালনা করবে। একইসঙ্গে, র‍্যাবের জন্য একটি নতুন আইন প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে, যার অধীনে একটি এলিট ফোর্স হিসেবে একটি বাহিনী থাকবে। আমরা র‍্যাবের নাম পরিবর্তন করবো কিনা বা অন্য নতুন এলিট ফোর্স রেইজ করবো কিনা, সেটি এখনও চিন্তা-ভাবনার বিষয়। সরকার চিন্তাভাবনা করছে।„ ”তবে সব ক্ষেত্রেই এলিট ফোর্সের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে,„ জানান তিনি। বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, ”আমরা জানি, র‍্যাবের কিছু কর্মকর্তার কর্মকাণ্ডের কারণে প্রতিষ্ঠান হিসেবে র‍্যাব ক্ষতিগ্রস্ত হয়েছে। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর মাঝে এমন কোনো প্রতিষ্ঠান ছিল না, যেগুলো ফ্যাসিবাদী শাসনামলে ক্ষতিগ্রস্ত হয়নি। পুলিশ, র‍্যাব, সেনাবাহিনী, বিজিবি- সবাই ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু আমাদের মনে রাখতে হবে, কয়েকজন কর্মকর্তার কর্মকাণ্ডের দায় পুরো প্রতিষ্ঠান নিতে পারে না। যারা আইনের বাইরে গিয়েছে, তাদের নিজ নিজ আইনের আওতায় এনে জবাবদিহিতার ব্যবস্থা করা হচ্ছে। কারণ প্রতিষ্ঠান দায়ী না, তারা ব্যক্তিগতভাবে দায়ী।„ র‍্যাব বিগত সরকারের আমলে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহৃত হয়েছে উল্লেখ করে তিনি বলেন যে, যুক্তরাষ্ট্র যে কারণ র‍্যাবের ওপর নিষেধাজ্ঞা দিয়েছিল, যা এখনো বহাল রয়েছে। কিন্তু ”এলিট ফোর্স হিসেবে একটি নতুন ফোর্স যদি আমরা রিনেম বা রেইজ করি, তাহলে হয়ত তারা বিষয়টি পুনর্বিবেচনা করবেন।„ র‍্যাবের জন্য নতুন আইন প্রণয়নে ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে এবং সেই আইন তিনি নিজে তদারকি করবেন জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ”সেই আইন এখনও আমার সামনে আসেনি। এটা নিয়ে বিশেষজ্ঞরা কাজ করছে।„ তিনি আরও বলেন, ”বর্তমানে র‍্যাব আর্মড পুলিশ ব্যাটালিয়ন আইনের কিছু ধারার অধীনে পরিচালিত হচ্ছে, যা দীর্ঘদিন ধরে `অ্যাডহক, ভিত্তিতে চলেছে। একটি বাহিনী এভাবে পরিচালিত হওয়া ঠিক নয়। তাই আমরা আলাদা আইন করছি, যেখানে বাহিনীর ক্ষমতা, দায়িত্ব, স্বচ্ছতা ও জবাবদিহিতা স্পষ্টভাবে নির্ধারণ থাকবে।„

(বিবিসি ওয়েব পেজ : **১৮.০৫.২০২৬** আলী আহমেদ)

## দেশের আকাশে জিলহজ মাসের চাঁদ দেখা গেছে, ঈদুল আযহা ২৮ মে

বাংলাদেশের আকাশে ১৪৪৭ হিজরি সালের জিলহজ মাসের চাঁদ দেখা গেছে। এ হিসেবে আগামী ২৮ মে বৃহস্পতিবার জিলহজ মাসের ১০ তারিখ হওয়ায় ওইদিন বাংলাদেশে ঈদুল আযহা উদ্‌যাপিত হবে। ঈদুল আযহা হলো মুসলিমদের অন্যতম বড়ো ধর্মীয় উৎসব। আজ সোমবার সন্ধ্যায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়েছে। বৈঠক শেষে ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদ সিদ্ধান্ত ঘোষণা করেন। সভায় দেশের সব জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান স্পারসো থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে চাঁদ দেখার বিষয়টি আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করে জাতীয় চাঁদ দেখা কমিটি। এবার সর্বপ্রথম চাঁদ দেখার খবরটি আসে কক্সবাজারের জেলা প্রশাসন থেকে। কক্সবাজারের জেলা প্রশাসক মো. আ. মান্নান চাঁদ দেখার খবরটি বিবিসি বাংলাকে নিশ্চিত করেছিলেন। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৫.২০২৬ নারগীস)

## ডেঙ্গু আক্রান্ত আরো ২৮ জন হাসপাতালে ভর্তি

ডেঙ্গু আক্রান্ত হয়ে ২৮ জন গত ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। আজ স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গু বিষয়ক এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর মধ্যে বরিশাল বিভাগে (সিটি করপোরেশনের ১১ জন, চট্টগ্রাম বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ১০ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে একজন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে তিনজন এবং সিলেটে বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) তিনজন রয়েছেন। ২৪ ঘণ্টায় ৪৫ জন ডেঙ্গুরোগী হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন। চলতি বছরে এ পর্যন্ত মোট ২ হাজার ৭৯০ জন রোগী হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন। চলতি বছরের ১৮ মে পর্যন্ত মোট ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ২ হাজার ৯৩১ জন। এর মধ্যে ৬২ দশমিক তিন শতাংশ পুরুষ এবং ৩৭ দশমিক সাত শতাংশ নারী রয়েছেন। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে কারো মৃত্যু হয়নি। চলতি বছরে ডেঙ্গুতে পাঁচজনের মৃত্যু হয়েছে। ২০২৫ সালের ১ জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট ডেঙ্গু আক্রান্ত হয়েছে ১ লাখ ২ হাজার ৮৬১ জন এবং ডেঙ্গুতে মোট ৪১৩ জনের প্রাণহানি ঘটে। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৫.২০২৬ আলী আহমেদ)

## কক্সবাজারে জিলহজ মাসের দেখা গেছে

বাংলাদেশের কক্সবাজারে ১৪৪৭ হিজরি সালের জিলহজ মাসের চাঁদ দেখা গেছে। খবরটি বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন কক্সবাজারের জেলা প্রশাসক মো. আ. মান্নান। তিনি বলেছেন, এখানে চাঁদ দেখা যাওয়ার খবরটি আমরা জাতীয় চাঁদ দেখা কমিটিকে জানিয়েছে। কমিটি-ই জানাবে যে কবে ঈদুল আযহা পালিত হবে। উল্লেখ্য, ঈদুল আযহা হলো মুসলিমদের অন্যতম বড়ো ধর্মীয় উৎসব। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৫.২০২৬ আলী আহমেদ)

## দেশজুড়ে বৃষ্টির সম্ভাবনা; ময়মনসিংহ ও সিলেট বিভাগে ভারী বর্ষণের শঙ্কা

ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; রংপুর, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের দুয়েক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। আজ সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। একইসঙ্গে, মাদারীপুর, রাজশাহী, পাবনা, লক্ষ্মীপুর, খুলনা, সাতক্ষীরা ও যশোর জেলাসমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল কয়রায় ৩৬ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস। আজ দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে টাঙ্গাইলে ২০ দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস। আজ ভোর ৬টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় দেশের সর্বোচ্চ বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে রংপুরে ৮০ মিলিমিটার। ঢাকায় আজ সূর্যাস্ত সন্ধ্যা ৬টা ৩৫ মিনিটে এবং আগামীকাল সূর্যোদয় ভোর ৫টা ১৪ মিনিটে।
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৫.২০২৬ আলী আহমেদ)

## হামে প্রাপ্তবয়স্করাও কেন আক্রান্ত হচ্ছে?

বাংলাদেশের শিশুদের ব্যাপকভাবে হামের উপসর্গে আক্রান্ত হওয়ার মধ্যেই রাজধানী ঢাকাসহ কিছু এলাকায় বড়োদের বা প্রাপ্তবয়স্কদের হামে আক্রান্ত হওয়ার খবর পাওয়া যাচ্ছে। কোনো কোনো এলাকায় হাসপাতালে হামে আক্রান্ত বড়োদের চিকিৎসার জন্য আলাদা আইসোলেশন ওয়ার্ড চালু করা হয়েছে। কিন্তু প্রাপ্তবয়স্করা কেন হামে আক্রান্ত হচ্ছে? বড়োদের অর্থাৎ কুড়ি বছরের বেশি বয়সিদের মধ্যে যারা হামে আক্রান্ত হচ্ছেন, তাদের নিয়ে উদ্‌বেগের কোনো কারণ আছে কি-না? বিশেষজ্ঞরা বলছেন, হাম শিশুদের জন্য যতটা উদ্‌বেগের, বড়োদের জন্য তা নয় বলেই মনে করেন তারা। এদিকে, বাংলাদেশে রোববার পর্যন্ত হাম উপসর্গ নিয়ে ৪৫৯ শিশুর মৃত্যু হয়েছে। বাংলাদেশে চলতি বছরের ফেব্রুয়ারি মাস থেকেই হাম ভয়াবহ আকার ধারণ করতে শুরু করেছিল। এজন্য গত কয়েক বছরে শিশুদের

হামের টিকা না দেওয়াকেই বড়ো কারণ চিহ্নিত করেছেন বিশেষজ্ঞরা। এর আগে, গত মাসের শেষ দিকেই বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক প্রতিবেদনে বলা হয়েছে যে, বাংলাদেশের ৬৪টি জেলার মধ্যে ৫৮টিতেই সংক্রমণ ছড়িয়ে পড়েছে। সংস্থাটি বাংলাদেশে হামের টিকার তীব্র ঘাটতি এবং ক্রমবর্ধমান মৃত্যুহার নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

**বড়োরাও কী আক্রান্ত হচ্ছে**

ঢাকার কয়েকটি হাসপাতালে বড়োরাও হামের উপসর্গ নিয়ে এসে চিকিৎসা নিয়েছেন বলে সংবাদ মাধ্যমে এসেছে, যদিও স্বাস্থ্য বিভাগ আনুষ্ঠানিকভাবে বলছে যে, বড়োদের হামে আক্রান্ত হওয়ার রিপোর্ট তাদের কাছে যায়নি। বিশেষ করে, ঢাকার ডিএনসিসি হাসপাতাল ও কুর্মিটোলা জেনারেল হাসপাতালে বড়োরাও হামের উপসর্গ নিয়ে চিকিৎসা নেওয়ার খবর দেশের সংবাদমাধ্যমে এসেছে। ঢাকার বাইরেও কয়েকটি জায়গায় কুড়ি বছরের বেশি বয়সিদের হামে আক্রান্ত কিংবা হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তির খবর পাওয়া গেছে। রংপুরের সিভিল সার্জন শাহীন সুলতানা জানিয়েছেন, রংপুর বিভাগে এমন রোগীর সংখ্যা ছয়জন এবং তাদের হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। ”তবে উপজেলা হাসপাতালগুলোতে বয়স্কদের হামে আক্রান্ত হয়ে চিকিৎসা নেওয়ার ঘটনা নেই,„ বিবিসি বাংলাকে বলেছিলেন তিনি। রংপুরে বড়োদের মধ্যে যারা আক্রান্ত হয়েছেন, তাদের রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। হাসপাতালটির পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আশিকুর রহমান বলছেন, বড়োদের মধ্যে যারা হামের উপসর্গ নিয়ে চিকিৎসা নিচ্ছেন, তাদের অবস্থা গুরুতর নয় এবং যথাযথ চিকিৎসায় তারা সেরে উঠছেন। ”৫/৬ জন এখন চিকিৎসাধীন আছেন। তবে বয়স্কদের মধ্যে যাদের মধ্যে হামের উপসর্গ দেখা গেছে, তাদের অবস্থা নিয়ে উদ্‌বেগের কিছু নেই। আমরা শিশুদের চিকিৎসা নিয়ে সর্বোচ্চ কাজ করছি,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি,” বিবিসি বাংলাকে বলেছেন তিনি। ঢাকার হামের চিকিৎসার জন্য মহাখালীতে ডিএনসিসি ডেডিকেটেড হাসপাতালে শিশুদের জন্য পৃথক ওয়ার্ডের পাশাপাশি ১২ বছরের বেশি বয়েসিদের জন্য 'ইনফেকশাস ব্লক' করা হয়েছে।

**বড়রা কেন আক্রান্ত হয়**

স্বাস্থ্য বিভাগের উপপরিচালক সৈয়দ আবু আহাম্মদ শফি বলছেন, বড়োদের সাধারণত শিশুদের তুলনায় রোগ প্রতিরোধ ক্ষমতা ভালো থাকে এবং সে কারণেই তাদের হামে আক্রান্ত হওয়ার প্রবণতা কম থাকে। ”তবে নানা কারণে কারও শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকলে, তিনিও শিশুদের মতো একইভাবে হামে আক্রান্ত হতে পারেন। তবে সাধারণত বড়রা চিকিৎসায় সহজেই সেরে ওঠেন। তবে ঢাকায় আমরা এখনো বড়োদের হামে আক্রান্ত হওয়ার রিপোর্ট পাইনি,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তিনি বলেন, অন্য রোগের কারণে যারা দুর্বল, যারা ক্যান্সার বা এ ধরনের রোগে আক্রান্ত কিংবা কোনো রোগের চিকিৎসার জন্য স্টেরয়েড নিতে হচ্ছে, যারা টিবি বা যক্ষ্মায় আক্রান্ত এবং সর্বোপরি হার্ড ইমিউনিটি কমে গেলে যে কেউ হামে আক্রান্ত হতে পারে। অক্সফোর্ড ইউনিভার্সিটির ভ্যাকসিন নলেজ প্রজেক্টের ওয়েবসাইটে বলা হয়েছে, যখন একটি এলাকার বেশিরভাগ মানুষকে কোনো একটি সংক্রামক রোগের প্রতিষেধক দেওয়া হয়, তখন ওই এলাকায় ওই রোগটির ছড়িয়ে পড়ার আশঙ্কা থাকে না। কারণ ওই এলাকায় আর সংক্রমিত হওয়ার মতো মানুষই থাকে না। উদাহরণ হিসেবে বলা হয়েছে, একটি সম্প্রদায়ের কারো মধ্যে যদি হাম দেখা দেয়, আর বেশিরভাগ মানুষের যদি টিকা দেওয়া থাকে, তাহলে ওই রোগটি আর কারো মধ্যে ছড়াতে পারে না। এটাই হার্ড ইমিউনিটি বা কমিউনিটি ইমিউনিটি। এর কারণে নবজাতক শিশু, বয়স্ক ব্যক্তি এবং অসুস্থ মানুষ যাদেরকে টিকা দেওয়া সম্ভব নয়, তারা রোগমুক্ত থাকেন। কিন্তু এখন ব্যাপকভাবে হাম ছড়িয়ে পড়ার কারণে হার্ড ইমিউনিটি আর কার্যকর নেই বলেই মনে করা হচ্ছে। আর সে কারণেই শিশুদের পাশাপাশি বড়োরাও হামে আক্রান্ত হয়ে থাকতে পারেন বলে অনেকে মনে করেন। আবার, সরকার নতুন করে হামের টিকা ব্যাপকভাবে দেওয়ার কার্যক্রম শুরু করেছে এবং আগামী মাসে ভিটামিন `এ, টিকাও খাওয়ানোর কর্মসূচি আছে। আবার আগে সম্প্রসারিত টিকাদান বা ইপিআই কর্মসূচিতে শিশুদের হামের টিকা দেওয়া হওয়া হতো ৯ মাসে, যা এবার ছয় মাসে এগিয়ে আনা হয়েছে। সে কারণেই, ৮০ শতাংশের বেশি শিশু টিকার আওতায় চলে এলে, আবারও হামের ক্ষেত্রে হার্ড ইমিউনিটি তৈরি হয়ে যাবে বলে আশা করা হচ্ছে। যদিও স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত যে মোট প্রায় ৫৮ হাজার মানুষ সন্দেহজনক হাম রোগে আক্রান্ত হয়েছে, তাদের মধ্যে বড়োদের বা প্রাপ্তবয়স্কদের সংখ্যা কত, তার কোনো তথ্য পাওয়া যায়নি। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ মুশতাক হোসেন বলছেন, ক্যান্সারের চিকিৎসায় যারা রেডিওথেরাপি বা কেমোথেরাপি নিচ্ছেন কিংবা কিডনির ডায়ালাইসিস করাচ্ছেন, হামের ক্ষেত্রে বড়োদের মধ্যে তাদের ঝুঁকি বেশি থাকে। ”এছাড়া বড়রা আক্রান্ত হলেও তা সেরে ওঠে। হামের জন্য শিশুরাই মূলত ঝুঁকিপূর্ণ। সে কারণেই শিশুদের টিকা দেওয়া হয়,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। প্রসঙ্গত, হাম শুধু বাংলাদেশই না, বরং যুক্তরাষ্ট্র-কানাডার মতো উন্নত দেশসহ বিশ্বের বিভিন্ন দেশেই আবার ফিরে আসতে শুরু করেছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা ইতোমধ্যেই সতর্ক করে বলেছে, টিকাদানের হার কমে যাওয়ায় বিশ্বের কিছু অঞ্চলে আবার হাম রোগের পুনরুত্থান দেখা যাচ্ছে। চিকিৎসা বিষয়ক জার্নাল দ্য ল্যানসেট-এর তথ্য অনুযায়ী, ২০২৪ এবং ২০২৫ সালে

গত ২০ বছরের মধ্যে সর্বোচ্চসংখ্যক হাম প্রাদুর্ভাব দেখা গেছে। বিশেষজ্ঞরা বলছেন, কোভিড মহামারির সময়ে সারা বিশ্বেই শিশুদের নিয়মিত টিকাদান কর্মসূচির ব্যাঘাতের পাশাপাশি যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশে টিকা বিরোধী প্রচারণাও বেড়েছে, যা হাম সংক্রমণ ফিরে আসার পথ তৈরি করেছে। বাংলাদেশেও হাম ফিরে আসার জন্য গত কয়েক বছরে ঠিকমতো টিকা দিতে না পারাকেই দায়ী করেছে সরকার। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৫.২০২৬ নারগীস)

## মোটরসাইকেল মালিকদের থেকে অগ্রিম আয়কর কীভাবে নেওয়া হবে

বাংলাদেশের জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআর মোটরসাইকেল মালিকদের কাছ থেকে এআইটি বা অগ্রিম আয়কর আদায়ের যে পরিকল্পনা করছে, তাতে করে এই কর কীভাবে আদায় হবে, তা নিয়ে কৌতূহল তৈরি হয়েছে। এ কৌতূহলের মূল কারণ হলো একদিকে করযোগ্য আয় নেই, এমন অনেকের কাছে মোটরসাইকেল বা বাইক আছে। আবার অন্যদিকে এসব বাইক মালিকদের অনেকের করযোগ্য আয় না থাকায়, ট্যাক্স আইডেন্টিফিকেশন নাম্বার বা টিনই নেই। ফলে কীভাবে মোটরসাইকেলের মালিকদের কাছ থেকে অগ্রিম আয়কর আদায় করা হবে, তা এখনো আলোচনার পর্যায়েই আছে। জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআরের কর্মকর্তারা বলছেন, সরকারের দিক থেকে আগামী অর্থবছরের বাজেটে মোটরসাইকেলসহ কর নেটওয়ার্কের বাইরে থাকা যানবাহনের জন্য অগ্রিম আয়কর আরোপের বিষয়টি বিবেচনা করা হচ্ছে। প্রসঙ্গত, এখন মোটরসাইকেল মালিকদের প্রতি বছর ট্যাক্স টোকেন ফি দিতে হয়। ট্যাক্স টোকেনের বার্ষিক মেয়াদ শেষে এটি নবায়ন করতে হয়। এখন ট্যাক্স টোকেনের পাশাপাশি সারা দেশের সব বাইক বা মোটরসাইকেলের জন্য অগ্রিম আয়কর বা এআইটি আরোপের চিন্তাকে ইতিবাচক বলছেন এনবিআরের সাবেক চেয়ারম্যান বদিউর রহমান। "চিন্তাটা ভালো ও যৌক্তিক। তবে যৌক্তিক হারে করটা নির্ধারণ হতে হবে। টিন নাম্বারের মাধ্যমে, নাকি অন্য কোনো পদ্ধতিতে এই কর আদায় করা হবে, সেটি এনবিআরকেই ঠিক করতে হবে,, বিবিসি বাংলাকে তিনি বলছিলেন। যদিও বাইক থেকে অগ্রিম কর আদায়ের সরকারি চিন্তার খবর গণমাধ্যমে আসার পর বাইক মালিক ও চালকদের মধ্যে এ নিয়ে তীব্র প্রতিক্রিয়া দেখা যাচ্ছে। তাদের একটি দল ইতোমধ্যেই এনবিআর কার্যালয়ের সামনে বিক্ষোভ করে করারোপ না করার দাবি জানিয়ে স্মারকলিপি দিয়েছে।

### কীভাবে আদায়ের চিন্তা হচ্ছে

বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ বা বিআরটিএ-এর সর্বশেষ তথ্য অনুযায়ী, বর্তমানে দেশে প্রায় ৪৯ লাখের মতো নিবন্ধিত মোটরসাইকেল রয়েছে। সম্প্রতি এনবিআরের কর্মকর্তারা অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সাথে এক বৈঠকে মোটরসাইকেল ও অটোরিকশাকে অগ্রিম আয়করের আওতায় আনা এবং অধিক ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন গাড়ির ওপর বিদ্যমান অগ্রিম আয়কর বাড়ানোর প্রস্তাব দিয়েছেন বলে ঢাকার সংবাদ মাধ্যমে খবর এসেছে। এর আগে, এনবিআর কর্মকর্তারা নিজেরা এটি পর্যালোচনা করেছেন। বাজেট প্রণয়ন প্রস্তুতির সাথে সংশ্লিষ্ট এনবিআরের কর্মকর্তাদের সাথে আলাপ করে জানা গেছে, এখন পর্যন্ত টিন নাম্বারের বিপরীতেই এআইটি আদায়ের পরিকল্পনা করা হচ্ছে। "এ বিষয়ে আলোচনা-পর্যালোচনা চলছে। তবে টিন নাম্বার নেওয়াটাই ভালো হবে বলে মনে হচ্ছে। কারণ এতে করে ধীরে ধীরে করের আওতায় থাকা ব্যক্তিরা একটি ট্যাক্স সিস্টেমের মধ্যে আসবেন,, বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। অন্যদিকে বদিউর রহমান বলছেন, আয়ের দিক থেকে করের ন্যূনতম স্লাব বা ধাপে না থাকলেও, মানুষ যাতে করখাতে অবদান রাখার সুযোগ পায়, সেজন্যই বাইক মালিকদেরও করের আওতায় থাকা দরকার। "মোটরসাইকেল রেজিস্ট্রেশনের তো নিয়ম আছে। সে অনুযায়ী, এনবিআর প্রসেস করবে, কীভাবে কর আদায় করা যায়। এটা এমনি কর হোক, আর এআইটি হোক, সেটা রিজনাবল হতে হবে। এভাবে সবাইকেই করখাতে কন্ট্রিবিউট করার সুযোগ দিতে হবে। সরকারের আয় বাড়ানোর ক্ষেত্রেও সেটি ভূমিকা রাখবে,, বলছিলেন মি. রহমান।

প্রসঙ্গত, টিআইএন বা ট্যাক্স আইডেন্টিফিকেশন নাম্বার হলো একটি বিশেষ নম্বর, যা দিয়ে একজন করদাতাকে শনাক্ত করা হয়। বাংলাদেশে ব্যবসা বাণিজ্য থেকে শুরু করে অনেক কাজেই টিন থাকা বাধ্যতামূলক। তবে বাইকের ক্ষেত্রে অগ্রিম আয়কর আদায়ের জন্য ভিন্ন চিন্তাও রয়েছে। অর্থাৎ টিন নাম্বার ছাড়াই এখন যেভাবে বার্ষিক ট্যাক্স, টোকেন ফি আদায় করা হয়, তার সাথেই এআইটি আদায় করা যায় কি-না। সেটি হলে বাইক চালকদের মধ্যে যাদের ন্যূনতম করযোগ্য আয় নেই, তাদের রাজস্ব বোর্ড থেকে টিন নাম্বার নিতে হবে এবং এর ফলে বিপুলসংখ্যক বাইক মালিক কোনো ঝামেলা ছাড়াই এআইটি দিতে পারবেন বলে কেউ কেউ মনে করছেন।

### কর হার কেমন হতে পারে

এনবিআরের কর্মকর্তাদের বরাত দিয়ে বিভিন্ন সংবাদ মাধ্যমে খবর এসেছে যে, এবার বাজেটে নতুন প্রস্তাবগুলো উপস্থাপন করবেন অর্থমন্ত্রী। জুন মাসেই তিনি জাতীয় সংসদে এ বাজেট উপস্থাপন করবেন। পরিকল্পনা অনুযায়ী, ১১০ সিসি পর্যন্ত মোটরসাইকেল নতুন এই অগ্রিম আয়করের আওতাভুক্ত রাখার সম্ভাবনাই বেশি। এরপর অর্থাৎ ১১১ সিসি থেকে ১২৫ সিসি পর্যন্ত মোটরসাইকেলের জন্য বার্ষিক কর সর্বনিম্ন ২ হাজার টাকা হতে পারে। এর পরের ধাপে ১৬৫ সিসি পর্যন্ত বাইকের জন্য ৫ হাজার টাকা এবং এর চেয়ে বেশি সিসির বাইকের জন্য বছরে দশ হাজার টাকা অগ্রিম আয়কর নির্ধারণের বিষয়ে আলোচনা হচ্ছে। এনবিআরের একজন সিনিয়র কর্মকর্তা বিবিসি বাংলার কাছে এ ধরনের

আলোচনা খবরের সত্যতা নিশ্চিত করেছেন। পাশাপাশি দেশে অটোরিকশার প্রকৃত সংখ্যা কত, তা জানা না থাকলেও এ ধরনের যানবাহনের জন্যও কর নির্ধারণের প্রস্তাব বিবেচনা করা হচ্ছে। জানা গেছে, সিটি করপোরেশন এলাকায় চলাচলকারী ব্যাটারিচালিত অটোরিকশাগুলোর জন্য ৫ হাজার, পৌর এলাকায় ২ হাজার ও ইউনিয়ন পর্যায়ে ১ হাজার টাকা কর নির্ধারণ করা হতে পারে। পরিকল্পনাটি চূড়ান্ত হলে এসব যানবাহনকে ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি করপোরেশন থেকে নিবন্ধন করে লাইসেন্স সংগ্রহ করতে হবে এবং সেই লাইসেন্স ফি,র সাথেই অগ্রিম কর দেওয়ার বিষয়টি নির্ধারণ করা হতে পারে বলে কর্মকর্তারা আভাস দিয়েছেন।

এদিকে, মোটরসাইকেলের ওপর সম্ভাব্য নতুন কর আরোপের পরিকল্পনার প্রতিবাদে বাইক মালিক ও চালকরা রোববার আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) প্রধান কার্যালয়ের সামনে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন। তারা এনবিআর চেয়ারম্যানের উদ্দেশ্যে দেওয়া স্মারকলিপিতে বলেছেন, অগ্রিম আয়করের প্রস্তাব দেশের লাখ লাখ মোটরসাইকেল ব্যবহারকারীর মধ্যে উদ্বেগ তৈরি করেছে। বিক্ষোভে যারা অংশ নিয়েছেন, তারা তাদের বক্তৃতায় বলেছেন, ”প্রতিবেশী দেশগুলোর তুলনায় বাংলাদেশে মোটরসাইকেলের দাম এমনিতেই অনেক বেশি। এছাড়া, এখন রাইড শেয়ারিং বা পণ্য ডেলিভারি দিয়ে অনেকে জীবিকা নির্বাহ করেন। এ অবস্থায় প্রস্তাবিত অতিরিক্ত কর সাধারণ মানুষের জীবন-জীবিকাকে সংকটে ফেলবে।„ ঢাকার গুলশানের ১১৩ নম্বর সড়কে আজ সোমবার কয়েকজন বাইক চালক এ নিয়ে কথা বলেছেন বিবিসির সাথে। শাহাবুদ্দিন নামে একজন বলেন, ”আমি ট্যাক্স টোকেন ফি দেই। নতুন করে ট্যাক্স দিলে সেটা অন্যায় হবে।„ রফিক উল্ল্যাহ নামে আরেকজন বলেন, ”যারা শখ করে চালায়, তাদের জন্য বাড়তি ট্যাক্স ঠিক হতে পারে কিন্তু আমাদের জন্য এটাই আয়ের উৎস। এখানে বাড়তি ট্যাক্স কেন দেবে।„ (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৫.২০২৬ আলী আহমেদ)

## চুক্তি না হলে ইরানে কিছুই অবশিষ্ট থাকবে না: ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরান যদি কোনো চুক্তিতে খুব তাড়াতাড়ি রাজি না হয়, তাহলে চরম পরিস্থিতির মোকাবিলা করতে হবে। ট্রুথ সোশ্যাল অ্যাকাউন্টে দেওয়া একটি পোস্টে ট্রাম্প লিখেছেন, ”ইরানের জন্য সময় খুব তাড়াতাড়ি ফুরিয়ে আসছে, তাদের দ্রুত পদক্ষেপ নিতে হবে, না হলে ইরানে কিছুই অবশিষ্ট থাকবে না।„ ইসরায়েলি সংবাদ মাধ্যম টাইমস অব ইসরায়েলের একটি প্রতিবেদনে অনুযায়ী, বেনিয়ামিন নেতানিয়াহুর সাথে কথা বলার পরেই ট্রাম্পের এই হুমকি সামনে এলো। এর আগে, ট্রাম্প হুমকি দিয়েছিলেন, যুদ্ধ অবসানে ইরান কোনো চুক্তিতে রাজি না হলে ইরানের পুরো সভ্যতা ধ্বংস করে দেওয়া হবে। কয়েকদিন আগেই ট্রাম্প বলেছেন, যুদ্ধবিরতি এখন 'মুমূর্ষু অবস্থায়' রয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৫.২০২৬ আলী আহমেদ)

## ইউরেনিয়াম সমৃদ্ধকরণ নিয়ে কোনো আপোশ করবে না ইরান : ইসমাইল বাঘায়ি

ইউরেনিয়াম সমৃদ্ধকরণের অধিকার নিয়ে কোনো প্রকার আলোচনা বা আপোশ করবে না ইরান, বলেছেন দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই। এ প্রসঙ্গে তিনি বলেন, ”আলোচনা বা আপোশ করার মতো বিষয় এটি না। নন-প্রোলিফারেশন ট্রিটির (এনপিটি) আওতায় ইরানের ইউরেনিয়াম সমৃদ্ধকরণের অধিকার স্বীকৃত।„ এনপিটি একটি আন্তর্জাতিক চুক্তি, যার লক্ষ্য পারমাণবিক শক্তির শান্তিপূর্ণ ব্যবহার নিশ্চিত করা। এই চুক্তি অনুযায়ী বিশ্বের দেশগুলো শান্তিপূর্ণ উদ্দেশ্যে পারমাণবিক শক্তি ব্যবহার করতে পারে, তবে অস্ত্র তৈরি নয়। মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শর্ত আদান-প্রদানের বিষয়ে এক প্রশ্নের জবাবে ইসমাইল বাঘায়ি বলেন, ”ইরানের দাবিগুলো পরিষ্কার।„ তার ভাষায়, ”উদাহরণ হিসেবে, তারা ইরানের জব্দকৃত সম্পদের ওপর নিষেধাজ্ঞা তুলে নেওয়াকে নিজেদের শর্ত বলছে। কিন্তু আমরা এটিকে আমাদের ন্যায্য দাবি হিসেবে দেখি।„ তিনি আরও বলেন, ”আন্তর্জাতিক অঙ্গনে যুক্তরাষ্ট্র আর বিশ্বাসযোগ্য নয়।„ পাশাপাশি, সংযুক্ত আরব আমিরাতসহ এই অঞ্চলের দেশগুলোর উচিত সাম্প্রতিক সময়ের ঘটনাগুলো থেকে শিক্ষা নেওয়া মন্তব্য করে তিনি আরও বলেন, ”এই অঞ্চলে যুক্তরাষ্ট্রের উপস্থিতি শান্তি আনার বদলে পরিস্থিতিকে আরও অস্থিতিশীল করে তুলেছে।„ (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৫.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## বাংলাদেশকে জেএফ-১৭ ফাইটার জেটের সিমুলেটর উপহার পাকিস্তানের

বাংলাদেশের আকাশে শীঘ্রই ডানা মেল তে যাচ্ছে পাকিস্তানের তৈরি জেএফ -১৭ থান্ডার নামক আধুনিক যুদ্ধ বিমান। এর অংশ হিসেবে পাকিস্তান বাংলাদেশকে হস্তান্তর করেছে তাদের তৈরি পূর্ণাঙ্গ জেএফ-১৭ থান্ডার ব্লক থ্রি-এর কমব্যাট সিমুলেটর। গত ১৬ মে পাকিস্তান বাংলাদেশকে উপহার হিসেবে এই সিমুলেটর হস্তান্তর করেছে। সম্ভাব্য যুদ্ধবিমান ক্রয় চুক্তির আগে প্রস্তুতিমূলক পদক্ষেপ হিসেবে পাকিস্তান বাংলাদেশকে এই সিমুলেটর হস্তান্তর করল। মূল যুদ্ধবিমান গুলো সরবরাহ করার আগে বাংলাদেশ বিমান বাহিনীর পাইলট , প্রকৌশলী এবং টেকনিশিয়ানদের এই বিমানের ককপিট সিস্টেম, যুদ্ধ কৌশল এবং রক্ষণাবেক্ষণ বিষয়ে হুবহু বাস্তবসম্মত প্রশিক্ষণ দে ওয়ার অংশ হিসেবে এই সিমুলেটর বা সফটওয়্যার হস্তান্তর করা হয়েছে। এর মাধ্যমে বাংলাদেশ বিমান বাহিনীর পাইলটদের প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধির

প্রক্রিয়া শুরু হয়েছে। প্রকাশিত খবর অনুযায়ী , গত ১০ মে বাংলাদেশে সফরে আসেন পাকিস্তান বিমান বাহিনীর একটি উচ্চ পর্যায়ের দল। এই টি মের নেতৃত্ব দেন পাকিস্তানি এয়ার ভাইস মার্শাল আওরঙ্গজেব আহমেদ। প্রতিনিধি দলকে বাংলাদেশ বিমান বাহিনীর সা থে প্রথমবারের মধ্যে আনুষ্ঠানিক এয়ার স্টাফ টকস-এ অংশ নিতে ঢাকায় আসেন। এ সফরের সময় তারা বাংলাদেশের হাতে তুলে দেন জেএফ -১৭ ফাইটার জেট ব্লক-এর পূর্ণাঙ্গ কমব্যা ট সিমুলেটর। এ সময় বিশ্লেষকদের মতে, কমব্যাট সিমুলেটর হস্তান্তরের ফলে জেএফ-১৭ ফাইটার জেট পাওয়া এখন সময়ের ব্যাপার মাত্র। কমব্যাট সিমুলেটর মানে হলো - এমন একটি কৃত্রিম বা ভার্চুয়াল প্রশিক্ষণ ব্যবস্থা বা কম্পিউটার প্রোগ্রাম , এর মাধ্যমে বাস্তব যুদ্ধের পরিবেশ তৈরি করে সামরিক বাহিনীর সদস্যদের যুদ্ধকালীন পরিস্থিতির প্রশিক্ষণ ও অভিজ্ঞতা দেওয়া হয়। এটি কো নো আসল যুদ্ধ ক্ষেত্র নয় বরং কম্পিউটার প্রযুক্তি , ভার্চুয়াল রিয়েলিটি এবং বিশেষ যন্ত্রপাতির সাহায্যে তৈরি করা একটি হুবহু নকল বা কৃত্রিম যুদ্ধ ক্ষেত্র। সেনা, নৌ এ বং বিমান বাহিনীর সদস্যদের আসল যুদ্ধবিমান, ট্যাঙ্ক বা যুদ্ধ জাহাজ চালানোর এবং রণকৌশল শেখানোর জন্য সিমুলেটর ব্যবহার করা হয়। আসল যুদ্ধ বিমান বা অস্ত্র ব্যবহারের আগে পাইলট বা সৈনিকরা এখানে নিরাপদ পরিবেশে, নিখুঁতভাবে অনুশীলন করতে পারেন। আসল ফাইটার জেট ও গোলাবা রুদ ব্যবহার করে মহড়া দে ওয়া অত্যন্ত ব্যয়বহুল। কিন্তু সিমুলেট রে নামমাত্র খরচে যতবার ইচ্ছা, অনুশীলন করা সম্ভব। এর ভেতরে স্ক্রিন , ককপিট ও আধুনিক সেন্সর এমনভাবে সাজানো থাকে , যা ব্যবহারকারীকে একদম আসল যুদ্ধক্ষেত্রের পরিবেশ দেয়।(রেডিও তেহরান : ১৮.০৫.২০২৬ এলিনা)

## পাকিস্তান থেকে যুদ্ধ বিমান কেনা ও পাকিস্তানে পাইলট প্রশিক্ষণের খবরে শঙ্কিত নয়াদিল্লি

বাংলাদেশে পাকিস্তান বিমান বাহিনীর কর্মকর্তাদের সফর সম্পর্কিত প্রকাশিত খবরে বলা হয়েছে, প্রশিক্ষণ বিনি ময়, প্রতিরক্ষা সহযোগিতা, যুদ্ধবিমান ক্রয় এবং সিমুলেটর উপহার বিষয়ে দুইপক্ষের মধ্যে সফল আলোচনা সম্পন্ন হয়েছে। বাংলাদেশের পাইলট ও টেকনিশিয়ানদের পাকিস্তানে উন্নত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক নিয়ে আলোচনা হয়েছে দুই দেশের কর্মকর্তাদের মধ্যে। দুই দেশের বিমান বাহিনীর মধ্যে পারস্পরিক সামরিক সম্পর্ক ও কৌশলগত সহযোগিতা জোরদার করার বিষয়ে দুই পক্ষ একমত হয়েছে। চূড়ান্ত আলোচনা হয়েছে পাকিস্তানের তৈরি আধুনিক জেএফ-১৭ থান্ডার ব্লক থ্রি যুদ্ধবিমান ক্রয়ের বিষয়ে। বিশ্লেষকদের মতে , চীন থেকে আধুনিক যুদ্ধ বিমান সহ সমরাস্ত্র ক্রয় না করার জন্য বাংলাদেশের উপর প্রচ ণ্ড চাপ সৃষ্টি করেছে যুক্তরাষ্ট্র। ফলে বাংলাদেশের এখন প্রধান সমরাস্ত্র ক্রয়ের দেশ হতে যাচ্ছে পাকিস্তান ও তুরস্কসহ ইউরোপের আরো কয়েকটি দেশ। ২০২৫ সালের মার্চ মাসে চীন সফর করেন অন্তর্ব র্তীকালীন সরকারের প্রধান ড . মুহাম্মদ ইউনূস। এ সময় তিনি চীনা আধুনিক জেট এমসি ফাইটার জেট কেনার জন্য সরাসরি কথা বলেন চীনা প্রেসিডেন্ট শি জিং পিং -এর সঙ্গে। পরবর্তীতে ২.২ বিলিয়ন ডলার ব্যয়ে চীন থেকে যুদ্ধ বিমান কেনার জন্য চুক্তির যাবতীয় বিষয় সম্পন্ন করা হয়। তখন থেকেই যুক্তরাষ্ট্র , ভারতসহ বিভিন্ন মহল থেকে সর্বোচ্চ চেষ্টা করা হয় এই উদ্যোগ বন্ধে র। শেষ পর্যন্ত অন্তর্বর্তী সরকার চূড়ান্ত চুক্তির জন্য নির্বাচিত সরকারের জন্য রেখে দেয়। একই সময়ে পাকিস্তান থেকেও জেএফ -১৭ নামক আধুনিক মডিউলার ফাইটার জেট কেনার জন্য আলোচনা শুরু হয়। কিন্তু চীন থেকে জেট এমসি কেনার জন্য দুইপক্ষ যেভাবে চূড়ান্ত চুক্তির পর্যা য়ে পৌঁছায়, পাকিস্তানের সাথে ততটা অগ্রগতি হয়নি। প্রকাশিত খবর অনুযায়ী , শেষ পর্যন্ত যুক্তরাষ্ট্র সরকার প্রকাশ্যে বাংলাদেশের উপর চাপ সৃষ্টি করে , চীন থেকে যুদ্ধ বিমান না কেনার জন্য। ফলে বাংলাদেশ বাধ্য হয়েই এখন পাকিস্তানের দিকে অগ্রসর হয়েছে জেএফ -১৭ ফাইটার জেট কেনার জন্য। জেএফ -১৭ চীন ও পাকিস্তানের যৌথ উদ্যোগে তৈরি একটি ৪.৫ জেনারেশন ফাইটার জেট। মাল্টিরোল এই ফাইটার জেট আকাশ থেকে আকাশে , আকাশ থেকে ভূমিতে ও সমুদ্র-জাহাজে হামলা চালাতে সক্ষম। বাংলাদেশ সরকার চীন থেকে জে ১০সি যুদ্ধ বিমান সংগ্রহ না করলে এটি পরিষ্কার হয়ে যাবে, বর্তমান সরকার যুক্তরাষ্ট্র ও ভারতের চাপের কাছে নতি স্বীকার করেছে।

পাকিস্তান থেকে আধুনিক যুদ্ধবিমান সিমুলেটর উপহার পাওয়া পাকিস্তানি বাংলাদেশের পাইলটদের প্রশিক্ষণে র আয়োজন এবং পাকিস্তান থেকে জে এফ-১৭ ফাইটার জেট কেনার খবরে আতঙ্কিত হয়ে পড়েছে নয়া দিল্লি। একই সাথে তীব্র হিংসা আর জ্বলনি তে ভুগছে ভারতের মোদি অনুগত বিভিন্ন গদি মিডিয়া। এর প্রমাণ ফুটে উঠেছে , পশ্চিমবঙ্গের বর্ণবাদী পত্রিকা আনন্দবাজারে। রোববার আনন্দবাজার পত্রিকায় এই বিষয়ক একটি খবরের শিরোনামে লেখা হয়েছে , `বায়ু সেনার প্রশিক্ষণের ভরসা ইসলামা বাদ। অতীত ভুলে বিষাক্ত সাপ গলায় ঝুলাচ্ছে বাংলাদেশ , কতটা চিন্তায় ভারত? খবরের শুরুতেই আনন্দবাজার বি স্ময় প্রকাশ করে লিখেছে, বাংলাদেশ বিমান বাহিনীকে এবার প্রশিক্ষণ দেবে পাকিস্তান। ইসলামাবাদ বায়ু সেনার প্রতিনিধি দল ঢাকা সফরে যেতেই বাড়ছে সেই জল্পনা। শুধু তা ই নয়, চীনের সঙ্গে যৌথ উদ্যোগে রাওয়াল পিন্ডি র তৈরি জেএফ -১৭ থানডার লড়াকু জেড আমদানিতে সবুজ সংকেত দিতে পারে প্রধানমন্ত্রী তারেক জিয়ার প্রশাসন। পদ্মা পাড়ের সরকারের এহেনও আচরণে ভারতের অস্বস্তি যে বাড়ছে , তা বলাইবাহুল্য। পরিস্থিতির উপর কড়া নজর রাখলেও, কোনো বিবৃতি দেয়নি নয়াদিল্লি। চলতি বছরের ১১ মে সোমবার অপারেশন সিঁদুরের বর্ষপূর্তিতে বাংলাদেশে পা রাখে পাক বিমানবাহিনীর ৭ সদস্যের একটি প্রতিনিধি দল। এর নেতৃত্বে ছিলেন ইসলামাবাদ বায়ু সেনার স্ট্রাটেজিক কমান্ডেড ডেপুটি চিফ স্টাফ এয়ার ভাইস মার্শাল আওরঙ্গজেব আহ মদ।

ঢাকা বিমান বাহিনীর পদস্থ কর্তাদের সঙ্গে প্রথমবার বৈঠক করেন তারা। বৈঠক শেষ হতে একাধিক সূত্রকে উদ্ধৃত করে দুই তরফের আলোচনার বিষয়বস্তুকে প্রকাশ্যে আনে বেশ কয়েকটি গণমাধ্যম। বাংলাদেশের বিভিন্ন পত্রিকার প্রতিবেদন অনুযায়ী, উন্নত যুদ্ধবিমান চালানোর প্রশিক্ষ ণের জন্য আগামী দিনে বিমানবাহিনীর পাইলট এবং কারিগরি কর্মকর্তাদের পাকিস্তানে পাঠাবে ঢাকা। সেখানে অত্যাধুনিক লড়াকু জেট উড়ানো মাঝ আকা শের কসরত ও লড়াই এবং সামরিক বিমানের রক্ষণাবেক্ষণের পাঠ নেবেন তারা। এর পুরোটাই সার গোদাফ মোশার বায়ু সেনা ঘাঁটিতে করার প্রস্তাব দিয়েছে ইসলামাবাদ।

বাংলাদেশ সেনাবাহিনীর পক্ষ থেকে সমরাস্ত্র ক্রয়সহ পুরো বাহিনীর আধুনিকায়নে ২.২ বিলিয়ন ডলার বা ২৭ হাজার কোটি টাকার বিশেষ বাজেট চাওয়া হয়েছে। এই বাজেট নিয়মিত প্রতিরক্ষা বাজেটের বাইরে। প্রকাশিত খবরে বলা হয়েছে, সম্প্রতি অর্থ মন্ত্রণালয় পাঠানো হয়েছে এই বিশেষ বরাদ্দের প্রস্তাব। বিশেষ বাজেটের সাহায্যে স্থল, নৌ ও বিমানবাহিনীর আধুনিকায়নে বিশেষ উদ্যোগ গ্রহণ করা হবে। সংগ্রহ করা হবে আধুনিক কিছু সমরাস্ত্র। বাংলাদেশ সেনাবাহিনীর জন্য প্রতিবছর যে সামান্য বাজেট বরাদ্দ করা হয়, তার ৯০ ভাগের বেশি ব্যয় হয়ে যায় বাহিনীর সদস্য ও কর্মকর্তাদের বেতন -ভাতাসহ নিয়মিত কার্যক্রম পরিচা লনায়। সে বাজেট থেকে আধুনিক কোনো সমরাত্র ক্রয় বা বাহিনীর আধুনিকায়ন সম্ভব নয়। যেমন ২০২৫-২৬ অর্থবছরের জন্য বাংলাদেশের প্রতিরক্ষা খাতে ৩.৩৭ বিলিয়ন ডলার বা ৪০ হাজার ৬৯৮ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ বাজেট থেকে বেতন -ভাতা এবং রক্ষণাবেক্ষণ বাবদ বরাদ্দ রয়েছে ৩৭ হাজার ৮১২ কোটি টাকা। সামরিক সরঞ্জাম কেনাকাটা ও আধুনিকায়নের জন্য বরাদ্দ রয়েছে মাত্র ২ হাজার ৮৮৬ কোটি টাকা। বিশ্লেষকদের মতে, বাংলাদেশ সেনাবাহিনীর আধুনিকায়ন ও সেনাবাহিনীর সমরা স্ত্র ক্রয়ের জন্য অবিলম্বে কমপক্ষে ১৫ বিলিয়ন ডলারের বিশেষ বরাদ্দ দে ওয়া উচিত। বাংলাদেশের যানজট নিরসন , সড়ক, সেতুসহ বিভিন্ন প্রকল্পে বিলিয়ন বিলিয়ন ডলারের মেগা প্রকল্প গ্রহণ করা হয়েছে অতীতে। কিন্তু সেনাবাহিনীর আধুনিকায়ন ও আধুনিক সমরাস্ত্র ক্রয় ও সমরা স্ত্র নির্মাণ শিল্প গড়ে তোলার জন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। ভারতের স্বার্থে ও ভারতের চাপে বাংলাদেশ সেনাবাহিনীকে অতীতে দুর্বল করে রাখা হয়েছিল। সুতরাং বাংলাদেশে র অর্থ নেই, এই অজুহাতে আর সেনাবাহিনীর আধুনিকায়ন কো নো অবস্থাতেই পিছিয়ে রাখার সুযোগ নেই বরং সেটা হবে দেশের জন্য চরম আত্মঘাতী এবং স্বাধীনতার সার্বভৌমত্ব বিপন্ন করার শামিল। বাংলাদেশের উচিত , অবিলম্বে চীন, পাকিস্তান ও তুরস্কের সঙ্গে গভীর প্রতিরক্ষা সহযোগিতা গড়ে তোলা এবং নিজস্ব আধুনিকায়ন সমরাস্ত্র কারখানা স্থাপন ও নিজস্ব প্রয়োজনীয় সমস্ত সমরাস্ত্র নিজেরা তৈরীর উদ্যোগ গ্রহণ করা।

(রেডিও তেহরান: ২০৩০ ঘ, ১৮.০৫.২০২৬ রুবাইয়া, এলিনা)

## এনএইচকে

### ট্রাম্প ইরানকে ছাড় দিতে আহ্বান জানিয়ে বলেছেন, 'সময় ফুরিয়ে আসছে'

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানকে সতর্ক করে বলেছেন , সময় ফুরিয়ে আসছে এবং যুদ্ধ অবসানের একটি চুক্তির লক্ষ্যে দেশটিকে ছাড় দেওয়ার আহ্বান জানিয়েছেন। রবিবার সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, "ইরানের জন্য সময় ফুরিয়ে আসছে এবং তাদের দ্রুত পদক্ষেপ নেওয়া উচিত, খুব দ্রুত, অন্যথায় তাদের আর কিছুই অবশিষ্ট থাকবে না। „ মার্কিন সংবাদভিত্তিক ওয়েবসাইট অ্যাক্সিওস ট্রাম্পের উদ্ধৃতি দিয়ে জানায় যে , এক ফোনালাপে ট্রাম্প বলেছেন, "আমরা একটি চুক্তি করতে চাই। তারা এখনও আমাদের প্রত্যাশিত অবস্থানে আসেনি। তাদের সেই অবস্থানে আসতে হবে , অন্যথায় তারা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। „ ইরানি কর্তৃপক্ষের ঘনিষ্ঠ বলে পরিচিত ফার্স নিউজ এজেন্সি রবিবার জানিয়েছে যে , ইরানের সর্বশেষ প্রস্তাবের জবাবে মার্কিন পক্ষ পাঁচটি শর্ত পেশ করেছে। এতে বলা হয়েছে , ইরান সব রণাঙ্গনে , বিশেষ করে লেবাননে , যুদ্ধের অবসান, ইরান-বিরোধী নিষেধাজ্ঞা প্রত্যাহার, ইরানের জব্দকৃত তহবিল ছাড়, যুদ্ধের কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতির ক্ষতিপূরণ এবং হরমুজ প্রণালির ওপর ইরানের সার্বভৌমত্বের স্বীকৃতির দাবি করেছে। সংবাদমাধ্যমটি জানিয়েছে যে , ওয়াশিংটন পাঁচটি শর্ত ঘোষণা করেছে , কোনো প্রকার ক্ষতিপূরণ দেওয়া হবে না , ইরানের জব্দকৃত সম্পদ হস্তান্তর করা হবে না , ইরান থেকে ৪০০ কেজি সমৃদ্ধ ইউরেনিয়াম মার্কিন যুক্তরাষ্ট্রে স্থানান্তর করতে হবে , ইরানের মাত্র একটি পারমাণবিক স্থাপনা সচল রাখার অনুমতি দেওয়া হবে এবং যুদ্ধ অবসান করতে হবে। (এনএইচকে ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বিদেশিরা না দিলে ভ্যাকসিন দিতে পারবো না : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, ``আজ বিদেশিরা ভ্যাকসিন না দিলে আমরা দিতে পারবো না। আমাদের সেই সক্ষমতা এখনো হয়নি।,, গতকাল রোববার জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে ডক্টর্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) আয়োজিত `হাম ও ডেঙ্গু নিয়ন্ত্রণে জনসচেতনতা ও প্রতিরোধই সর্বোত্তম ও বৈজ্ঞানিক, শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, ``বিগত সরকারের সময়ে শুধু হামের

টিকাই নয়, শিশুদের ভিটামিন `এ, ক্যাপসুল খাওয়ানোর নিয়মিত ক্যাম্পেইনও হয়নি।,, মন্ত্রী বলেন, ``প্রত্যেক বছর দুইবার ভিটামিন `এ, ক্যাম্পেইন করার কথা। গত বছরের প্রথমার্ধে একটি ক্যাম্পেইন হয়েছিল। এরপর আর কোনো ক্যাম্পেইন হয়নি এবং ভিটামিন `এ, ক্যাপসুলও নেই। সামান্য কিছু ভিটামিন `এ, আমাদের কাছে আছে, যেটা কিছু কিছু করে ভাগ করে দেওয়া হচ্ছে। ভিটামিন `এ, একেবারেই অপ্রতুল।,, এ সময় তিনি জানান, সরকার অর্থ ছাড় করেছে এবং আগামী ১০ জুনের মধ্যে ইউনিসেফের মাধ্যমে ভিটামিন `এ, সরবরাহ পাওয়ার কথা রয়েছে। মুন্সীগঞ্জে ভ্যাকসিন উৎপাদন ইউনিট স্থাপনের কাজ এগিয়ে চলেছে জানিয়ে তিনি আশা প্রকাশ করেন, কয়েক বছরের মধ্যেই দেশে সব ধরনের ভ্যাকসিন উৎপাদন সম্ভব হবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রনি)

## জ্বালানি সংকট মোকাবিলায় বাংলাদেশকে বিশ্বব্যাংকের ৩৫ কোটি ডলার ঋণ

আজ সোমবার বিশ্বব্যাংক জানিয়েছে, মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে দেখা দেওয়া জ্বালানি সংকট, জ্বালানি আমদানির ক্রমবর্ধমান চাপ মোকাবিলা এবং দেশের জ্বালানি নিরাপত্তা জোরদার করতে বাংলাদেশের জন্য ৩৫ কোটি ডলার ঋণ অনুমোদন করা হয়েছে। বাংলাদেশে বিশ্বব্যাংকের প্রধান জঁ পেসমে বলেন, ”মধ্যপ্রাচ্যের সংঘাত এলএনজির দাম বাড়িয়েছে এবং সরবরাহে ব্যাঘাত ঘটিয়েছে। জ্বালানি ও গ্যাসের নিট আমদানিকারক দেশ হিসেবে জ্বালানি নিরাপত্তা বজায় রাখা এবং অর্থনীতির চাকা সচল রাখতে বাংলাদেশকে উল্লেখযোগ্য আর্থিক চাপের মুখোমুখি হতে হচ্ছে।„ এই ঋণ বাংলাদেশকে ”এলএনজি আমদানির স্থিতিশীল সরবরাহ বজায় রাখতে„ সহায়তা করবে এবং তা জ্বালানি সংকট থেকে অর্থনীতি ও জনগণকে সুরক্ষা দেয়ার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ- এ কথা উল্লেখ করে তিনি আরো বলেন, ”আরো নির্ভরযোগ্য গ্যাস সরবরাহের প্রাপ্যতা নিশ্চিত করার মাধ্যমে অতিরিক্ত এই অর্থায়ন বিদ্যুৎ উৎপাদন, শিল্প কার্যক্রম এবং কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করবে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রনি)

## ইরানের সংশোধিত প্রস্তাব যুক্তরাষ্ট্রকে হস্তান্তর পাকিস্তানের

যুদ্ধ অবসানের লক্ষ্যে শান্তি আলোচনায় মধ্যস্থতাকারী দেশ পাকিস্তান ইরানের একটি সংশোধিত প্রস্তাব যুক্তরাষ্ট্রের কাছে হস্তান্তর করেছে। আজ সোমবার পাকিস্তানের এক সূত্র রয়টার্সকে এ কথা জানান। ওই সূত্র সতর্ক করে বলেন, বিবদমান পক্ষগুলোর মধ্যে মতপার্থক্য কমিয়ে আনার জন্য তাদের হাতে ”খুব বেশি সময় নেই।„ পরে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এসমাইল বাঘাই-ও বিষয়টি নিশ্চিত করে বলেন, তেহরানের দৃষ্টিভঙ্গি ”পাকিস্তানের মাধ্যমে যুক্তরাষ্ট্রের কাছে পৌঁছে দেওয়া হয়েছে।„ তবে, এ বিষয়ে বিস্তারিত বলেননি তিনি। এদিকে দুইপক্ষ, অর্থাৎ যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার মতপার্থক্য দূর করতে আরো সময় লাগবে কিনা জানতে চাইলে রয়টার্সকে ওই সূত্র বলেন, সংশ্লিষ্ট পক্ষগুলো ”বারবার তাদের অবস্থান পরিবর্তন করছে।„ তিনি আরো বলেন, ”আমাদের হাতে খুব বেশি সময় নেই।„(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রনি)

## সংখ্যালঘুদের স্বাধীনতা নিয়ে উদ্‌বেগের বিষয়ে যা বললো ভারত

গণমাধ্যমের স্বাধীনতা এবং সংখ্যালঘুদের অধিকার নিয়ে উদ্‌বেগের বিষয়ে ভারতের দাবি, মূলত দেশের (ভারত) ইতিহাস ও বৈচিত্র্য `বোঝার ঘাটতি' থেকেই দেখা দিয়েছে এমন উদ্বেগ। গতকাল রোববার নেদারল্যান্ডসের দ্য হেগ-এ আয়োজিত এক সংবাদ সম্মেলনে ভারতের পক্ষ থেকে এমন প্রতিক্রিয়া জানানো হয়। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ডাচ প্রধানমন্ত্রী রব জেটেন-এর বৈঠকের আগে আয়োজিত সংবাদ সম্মেলনে ভারতের জ্যেষ্ঠ কর্মকর্তাদের বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন সাংবাদিকরা। নেদারল্যান্ডসের ডি ফল্কসক্রান্ট-এর খবর উদ্ধৃত করে ভারতের সংবাদমাধ্যম জানায়, এর আগে নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী রব জেটেন ভারতে গণমাধ্যমের স্বাধীনতার ক্রমাবনতি এবং সংখ্যালঘুদের `তীব্র চাপের মুখে' থাকার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছিলেন। তবে সে উদ্বেগ প্রকাশ্যে করেছেন কিনা তা খবরে উল্লেখ করা হয়নি। এ বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে রোববার ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (পশ্চিম), সিবি জর্জ বলেন, এই প্রশ্নগুলো ভারতের ইতিহাস এবং সামাজিক বুনন সম্পর্কে `বোঝার ঘাটতি' থেকেই উদ্ভূত। তিনি বলেন, ভারত ১.৪ বিলিয়ন (১৪০ কোটি) মানুষের দেশ। বিশ্বের সবচেয়ে জনবহুল রাষ্ট্র এটি। ৫০০০ বছরেরও বেশি প্রাচীন এক সভ্যতার দেশ, একটি বৈচিত্র্যময় দেশ... সংস্কৃতি, ভাষা, খাদ্যাভ্যাস এবং ধর্মের ক্ষেত্রে (ভারতে) রয়েছে ব্যাপক বৈচিত্র্য।„ সিনিয়র কূটনীতিক সিবি জর্জ আরো বলেন, ”এখানে সব ধর্মই সমাদৃত। অতীতে বিশ্বের যে প্রান্তেই যখনই কোনো ধর্মের মানুষ নিপীড়নের শিকার হয়েছেন, তারা সবাই ভারতে এসে আশ্রয় নিয়েছেন এবং এসে সমৃদ্ধি লাভ করেছেন। এটাই ভারতের সৌন্দর্য। এই বিষয়গুলো সম্পর্কে সঠিক ধারণার অভাব থেকেই এমন প্রশ্ন ওঠে।„ সংবাদমাধ্যমের স্বাধীনতা নিয়ে উদ্‌বেগের বিষয়ে সিবি জর্জ বলেন, ভারত অত্যন্ত `উচ্চকিত গণতন্ত্রের' দেশ, কারণ, ”এই দেশে প্রত্যেকেরই মতপ্রকাশের স্বাধীনতা এবং গণমাধ্যমের স্বাধীনতা রয়েছে।„

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রনি)

## সংযুক্ত আরব আমিরাতে ইরানের হামলার নিন্দা জানালেন ম্যার্ৎস

সংযুক্ত আরব আমিরাত এবং মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশের ওপর ইরানের সাম্প্রতিক হামলার তীব্র নিন্দা জানিয়েছেন জার্মানির চ্যান্সেলর ফ্রিডরিশ ম্যার্ৎস। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ লেখা এক বিবৃতিতে তিনি বলেন, ``সংযুক্ত আরব আমিরাত এবং অন্যান্য অংশীদারদের বিরুদ্ধে ইরানের নতুন বিমান হামলাগুলোর আমরা তীব্র নিন্দা জানাচ্ছি।,,রোববার ড্রোন হামলার কারণে আবুধাবির একটি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে আগুন লেগে যায়। সেই হামলার বিষয়ে ম্যার্ৎস বলেন, ``পারমাণবিক স্থাপনাগুলোর ওপর হামলা পুরো অঞ্চলের মানুষের নিরাপত্তার জন্য হুমকি।,, ইরানের প্রতি জার্মানির চ্যান্সেলরের আহ্বান — তারা যেন যুক্তরাষ্ট্রের সঙ্গে আন্তরিক আলোচনায় বসে, প্রতিবেশী দেশগুলোকে হুমকি দেওয়া বন্ধ করে এবং হরমুজ প্রণালী পুরোপুরি উন্মুক্ত করে দেয়।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রনি)

# জাগো নিউজ

## তিন দিনব্যাপী ভূমিসেবা মেলা শুরু মঙ্গলবার, উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী

সারা দেশে প্রতিটি উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে তিন দিনব্যাপী ভূমি মেলা শুরু হচ্ছে মঙ্গলবার (১৯ মে)। এদিন সকাল সাড়ে ১০টায় রাজধানীর ভূমি ভবন থেকে মেলা উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ভূমিসেবা মেলা উপলক্ষ্যে সোমবার (১৮ মে) সচিবালয়ে সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। এ সময় ভূমিমন্ত্রী মো. মিজানুর রহমান মিনু, প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল উদ্দীন ও ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এ এস এম সালেহ আহমেদ উপস্থিত ছিলেন। ভূমিসেবা মেলা শেষ হবে বৃহস্পতিবার (২১ মে)। ভূমিমন্ত্রী বলেন, আগামীকাল ১৯ মে সকাল ১০টায় সারা দেশে একযোগে ভূমিসেবা মেলার উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ মেলার মাধ্যমে জনগণকে ভূমিসেবা সম্পর্কে সচেতন করা এবং সেবা সহজ করার উদ্যোগ নেওয়া হয়েছে। অতীতে ভূমি ব্যবস্থাপনা নিয়ে মানুষের মধ্যে নেতিবাচক ধারণা ছিল। বর্তমান সরকার সেই অবস্থা বদলাতে চায়। ভূমি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. এমদাদুল হক চৌধুরী বলেন, জনগণের দোরগোড়ায় সহজ, স্বচ্ছ ও অটোমেটেড ভূমিসেবা পৌঁছে দেওয়া এবং ভূমিসেবা বিষয়ে নাগরিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ মেলার আয়োজন করা হয়। এ বছর ভূমিসেবা মেলার প্রতিপাদ্য বিষয়- `জনবান্ধব অটোমেটেড ভূমি ব্যবস্থাপনা : সুরক্ষিত ভূমি, সমৃদ্ধ ভবিষ্যৎ,।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## র্যাবে সরকারের কোনো রাজনৈতিক হস্তক্ষেপ থাকবে না : স্বরাষ্ট্রমন্ত্রী

আগামী দিনে র্যাবকে একটি জনবান্ধব ও দায়িত্বশীল বাহিনী হিসেবে পুর্নগঠন করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, র্যাবে সরকারের কোনো রাজনৈতিক হস্তক্ষেপ থাকবে না। সারা বিশ্বের কাছে প্রতিষ্ঠা করতে হবে যে, বাংলাদেশের সব প্রতিষ্ঠানের দায়বদ্ধতা ও জবাবদিহিতা রয়েছে। এর মাধ্যমে আমরা আইনের শাসন প্রতিষ্ঠা করতে চাই। সোমবার (১৮ মে) রাজধানীর উত্তরায় র্যাব ফোর্সেস সদর দপ্তরে র্যাবের ২২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ফ্যাসিবাদী সরকারের সময় সরকারের এমন কোনো প্রতিষ্ঠান নেই, যেটি ক্ষতিগ্রস্ত হয়নি। প্রতিষ্ঠানের কয়েকজন কর্মকর্তার বেআইনি কর্মকাণ্ডের কারণে পুরো প্রতিষ্ঠানকে দায়ী করা যাবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## বাড্ডায় ৩৬ লাখ টাকার ইয়াবাসহ দম্পতি গ্রেফতার

রাজধানীর বাড্ডা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে ১২ হাজার পিস ইয়াবাসহ এক দম্পতিকে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি)। গ্রেফতাররা হলেন- মো. জহিরুল ইসলাম ওরফে শ্যাপন (৪৫) এবং জান্নাত ফেরদৌস এনি (৩২)। রোববার (১৭ মে) বিকেলে দক্ষিণ বাড্ডা থানাধীন এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করা হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রো (উত্তর) কার্যালয়ের উপ-পরিচালক শামীম আহম্মেদ জানান, অভিযানে গ্রেফতার দম্পতির হেফাজত থেকে ৬০টি নীল রঙের জিপারযুক্ত পলি প্যাকেটে রাখা মোট ১২ হাজার পিস ইয়াবা উদ্ধার করা হয়। তিনি জানান, উদ্ধার হওয়া ইয়াবার আনুমানিক বাজারমূল্য প্রায় ৩৬ লাখ টাকা। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## ডা. নাসিরকে দেখতে ঢামেকে জেডআরএফ প্রতিনিধি দল

জিয়াউর রহমান ফাউন্ডেশনের প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী তারেক রহমান এবং ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমানের বিশেষ নির্দেশনায় শরীয়তপুর সদর হাসপাতালে হামলার শিকার হয়ে আইসিইউতে চিকিৎসাধীন গুরুতর আহত ডা. নাসির আহমদকে দেখতে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে যান জিয়াউর রহমান ফাউন্ডেশনের (জেডআরএফ) একটি প্রতিনিধিদল। রোববার (১৭ মে) বিকেল ৫টায় জেডআরএফের নির্বাহী পরিচালক অধ্যাপক ডা. ফরহাদ হালিম ডোনারের নেতৃত্বে প্রতিনিধি দলটি আহত চিকিৎসকের চিকিৎসার খোঁজ-খবর নেন এবং

তার পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। এ সময় তারা ডা . নাসিরের চিকিৎসায় সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। পাশাপাশি হামলার সঙ্গে জড়িতদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবি জানান। এ সময় অধ্যাপক ডা . ফরহাদ হালিম ডোনার বলেন , বর্তমানে চিকিৎসকদের প্রতি সহিংসতা উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে। ডাক্তারও এই সমাজেরই একজন মানুষ - কারো ভাই, কারো বোন। কিন্তু মানুষ সেটা ভুলে যাচ্ছে। রোগী সুস্থ হলে বলা হয় , আল্লাহর রহমতে সুস্থ হয়েছে , আর রোগী মারা গেলে সব দায় চিকিৎসকের ওপর চাপানো হয়। তিনি আরও বলেন , চিকিৎসকদের কর্মস্থলের নিরাপত্তা নিশ্চিত করতে সরকার এরই মধ্যে বিভিন্ন উদ্যোগ নিয়েছে। প্রত্যেক উপজেলায় ও স্বাস্থ্যকেন্দ্রে আনসার সদস্য নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে শুধু নিরাপত্তা বাড়ালেই সমস্যার সমাধান হবে না , মানুষের মানসিকতারও পরিবর্তন প্রয়োজন। ডা . ফরহাদ হালিম ডোনার বলেন , রোগীর চিকিৎসার নিশ্চয়তা এবং চিকিৎসকদের নিরাপত্তা - দুই বিষয় নিয়েই সরকার ও সংশ্লিষ্ট সংগঠনগুলো কাজ করছে। রোগী সুরক্ষা আইন ও চিকিৎসক সুরক্ষা আই ন প্রণয়নের কাজও চলমান রয়েছে এবং তা দ্রুত বাস্তবায়ন হবে বলে আশা প্রকাশ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## আন্তর্জাতিক জাদুঘর দিবস আজ

আন্তর্জাতিক জাদুঘর দিবস আজ। জাদুঘর বিষয়ে সচেতনতা বাড়াতে প্রতি বছর ১৮ মে আন্তর্জাতিক জাদুঘর দিবস পালন করা হয় । বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে তাল মিলিয়ে বাংলাদেশও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করে আসছে। দিবসটি ঘিরে ইন্টারন্যাশনাল কাউন্সিল অব মিউজিয়াম, প্রতি বছরই একটি নির্দিষ্ট প্রতিপাদ্য নির্ধারণ করে। এবারের প্রতিপাদ্য বিষয় বিভক্ত বিশ্বকে একত্র করছে জাদুঘর ,। সারা বিশ্ব যে সামাজিক, পরিবেশগত ও প্রযুক্তিগত পরিবর্তনের মধ্যদিয়ে যাচ্ছে, সেক্ষেত্রে কীভাবে জাদুঘরগুলো পরস্পর সেতুবন্ধনে ভূমিকা রাখতে পারে - এ প্রতিপাদ্যে এসব বিষয়কে গুরুত্ব দেওয়া হচ্ছে। বাংলাপিডিয়ার তথ্যমতে, বাংলা তথা উপমহাদেশে জাদুঘরের ধারণাটি এসেছে ব্রিটিশদের মাধ্যমে, ১৭৯৬ সালে। বর্তমানে বাংলাদেশে শতাধিক জাদুঘর আছে। এর মধ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরই দেশের প্রধান জাদুঘর হিসেবে বিবেচিত। এদিকে, আন্তর্জাতিক জাদুঘর দিবস উপলক্ষ্যে আজ সোমবার (১৮ মে) দিনব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করেছে বাংলাদেশ জাতীয় জাদুঘর। দিবসটি ঘি রে শোভাযাত্রা , বিশেষ প্রদর্শনী, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## চট্টগ্রামে মিছিল-সমাবেশে সিএমপির নিষেধাজ্ঞা

চট্টগ্রাম মহানগরের জিইসি মোড় থেকে দেওয়ানহাট পর্যন্ত প্রধান সড়ক ও আশেপাশের এলাকায় সব ধরনের জনসমাবেশ, মিছিল ও মিটিং নিষিদ্ধ ঘোষণা করেছে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি)। সোমবার (১৮ মে) সিএমপি সদর দপ্তর থেকে জারি করা এক গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, শান্তি-শৃঙ্খলা রক্ষা ও জননিরাপত্তার স্বার্থে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ অধ্যাদেশ, ১৯৭৮-এর ৩০ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ নিষেধাজ্ঞা বহাল থাকবে। সিএমপির পুলিশ কমিশনার হাসান মো . শওকত আলী স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## জুলাই গণ-অভ্যুত্থানের গ্রাফিতি মোছার নির্দেশ সিটি করপোরেশন দেয়নি

চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন , জুলাই গণ-অভ্যুত্থানের স্মৃতি বিজড়িত কোনো গ্রাফিতি মুছে ফেলার নির্দেশ সিটি করপোরেশনের পক্ষ থেকে দেওয়া হয়নি। সোমবার (১৮ মে) সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন মহলে জুলাই আন্দোলনের গ্রাফিতি অপসারণ নিয়ে আলোচনা -সমালোচনার পর গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। বিবৃতিতে মেয়র বলেন, চট্টগ্রামকে পরিচ্ছন্ন, সবুজ ও স্বাস্থ্যসম্মত নগরী হিসেবে গড়ে তুলতে চসিক সব সময় নগরের সৌন্দর্যবর্ধন, সংস্কৃতি ও সৃজনশীল কর্মকাণ্ডকে উৎসাহ দিয়ে আসছে। কোনো শিল্পকর্ম, শিক্ষামূলক কিংবা সামাজিক সচেতনতামূলক গ্রাফিতি অপসারণের জন্য সিটি করপোরেশনের পক্ষ থেকে আলাদা কোনো নির্দেশনা দেওয়া হয়নি। তিনি বলেন , বিশেষ করে জুলাই গণ -অভ্যুত্থানের স্মৃতিবিজড়িত গ্রাফিতির মতো গুরুত্বপূর্ণ বিষয় অপসারণের প্রশ্নই আসে না। বিবৃতিতে আরও বলা হয় , চসিকের কোনো বিভাগ বা শাখাও গ্রাফিতি মোছার কোনো কার্যক্রম পরিচালনা করেনি। এ বিষয়ে বিভ্রান্তি না ছড়ানোর জন্য সবাইকে আহ্বান জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## কোন হাটে যাবে কোরবানির পশু, ট্রাকে লিখতে হবে নাম-ঠিকানা

কোরবানির পশু কোন হাটে বিক্রির জন্য পরিবহ ণ করা হবে, তা ট্রাকের সামনে ব্যানারে দৃশ্যমান করে লিখে রাখার নির্দেশনা দিয়েছেন বাংলাদেশ সড়ক পরিবহণ মালিক সমিতির মহাসচিব মো. সাইফুল আলম। সোমবার (১৮ মে) এক বিবৃতিতে এ নির্দেশনা দেওয়া হয়। বিবৃতিতে সাইফুল আলম বলেন, সরকারের সঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক

দেশের যে-কোনো স্থান থেকে কোরবানির পশু (গরু, ছাগল, মহিষ ইত্যাদি) ট্রাকে পরিবহণ করার ক্ষেত্রে তা কোন হাটে বিক্রির জন্য নেওয়া হচ্ছে, তা (হাটের নাম ও ঠিকানা) ট্রাকের সামনে অবশ্যই সুস্পষ্টভাবে ব্যানারে দৃশ্যমান করে লেখা থাকতে হবে, যেন আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা গ্রহণসহ রাস্তায় অন্য কারও দ্বারা বাধাগ্রস্ত বা অসুবিধার সম্মুখীন হতে না হয়। তিনি আরও বলেন, পশু পরিবহণের ক্ষেত্রে অন্য কারও দ্বারা বাধাগ্রস্ত হলে আইন -শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা নেওয়ার পরামর্শ দেওয়া হলো। বিষয়টি যথাযথভাবে পালনের জন্য সব ট্রাক মালিক ও চালকদের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করা হলো।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশিদের জন্য কাতারে নতুন চাকরির সুযোগ

বাংলাদেশ থেকে ইলেকট্রিশিয়ান, ওয়েল্ডিং, এসি টেকনিশিয়ান ও প্লাবিং- এই চার খাতে দক্ষ কর্মী নিতে আগ্রহ প্রকাশ করেছে কাতার। অন্যদিকে বাংলাদেশে কাতারের আরও কয়েকটি ভিসা সেন্টার অনুমোদন দেওয়ার অনুরোধ করেছে ঢাকা। সোমবার (১৮ মে) ঢাকায় সফররত কাতারের শ্রমমন্ত্রী আলী বিন সাঈদ বিন সামিখ আল মাররির সঙ্গে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী বৈঠক করেন। বৈঠক শেষে প্রবাসী কল্যাণমন্ত্রী সাংবাদিকদের এ তথ্য জানান। এসময় আরিফুল হক বলেন, ইলেকট্রিশিয়ান, ওয়েল্ডিং, এসি টেকনিশিয়ান ও প্লাবিং - এই চার সেক্টর নিয়ে তারা কথা বলেছে। তারা অদক্ষ থেকে দক্ষ কর্মী নেওয়াতে জোর দিচ্ছে। আমরাও এ বিষয়ে তাদের উৎসাহিত করছি। আমরা দক্ষ কর্মী তৈরি করে পাঠাবো। বৈঠকে উপস্থিত ছিলেন প্রতিমন্ত্রী মো. নূরুল হক। তিনি জানান, বিএনপি সরকারের সঙ্গে মধ্যপ্রাচ্যের একটা ভালো সম্পর্ক ছিল। আজ দুই দেশের যৌথ মিটিং হয়েছে। সেখানে মূলত বাংলাদেশ থেকে আমাদের অগ্রাধিকার থাকে অধিকসংখ্যক লোক কীভাবে পাঠানো যায়। কাতারে ইমাম ও মুয়াজ্জিন যায়। মাঝখানে তাদের যাওয়াটা কমে গেছে। আমরা সংখ্যাটা বাড়ানোর অনুরোধ করেছি, তারা রাজি হয়েছে। তারা নতুন করে চারটি খাতে আমাদের একটা সুযোগ দেওয়ার কথা বলেছে। যেমন -প্লাবিং, ওয়েল্ডিং, এসি টেকনিশিয়ান ও ইলেকট্রিশিয়ান।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকীতে বিএনপির ৮ দিনের কর্মসূচি

শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) আট দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচি পালনে যেন জন দুর্ভোগ না হয়, সে বিষয়ে সতর্ক করা হয়েছে। সোমবার (১৮ মে) বেলা ১১টায় রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এ উপলক্ষ্যে এক যৌথসভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। যৌথ সভা শেষে সংবাদ ব্রিফিংয়ে দলীয় কর্মসূচি গ্রহণের কথা জানান তিনি। সভায় যুগ্ম মহাসচিবরা, ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপির আহ্বায়ক ও সদস্য সচিবরা এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের কেন্দ্রীয় সভাপতি, আহ্বায়ক, সাধারণ সম্পাদক ও সদস্য সচিবরা উপস্থিত ছিলেন।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## কারওয়ান বাজারে চাঁদাবাজিতে সরকারি দল জড়িত, পুলিশ মামলা নিচ্ছে না

রাজধানীর কারওয়ান বাজারে চাঁদাবাজিতে সরকারি দলের নেতা-কর্মীরা জড়িত বলে অভিযোগ করেছেন ঢাকা -১২ আসনের সংসদ সদস্য সাইফুল আলম খান মিলন। তিনি বলেন, "আমি স্বরাষ্ট্রমন্ত্রীর সহযোগিতা চেয়েছি। বলেছি, আপনার সহযোগিতা দরকার।" এসব ঘটনায় পুলিশ মামলা নিচ্ছে না বলেও অভিযোগ করেন তিনি। সোমবার (১৮ মে) সকালে রাজধানীর একটি হোটেলে 'জাতীয় বাজেট ২০২৬-২৭ : রাজনৈতিক প্রতিশ্রুতি ও নাগরিক প্রত্যাশা', শীর্ষক নাগরিক প্ল্যাটফর্ম প্রাক -বাজেট সংলাপে এ অভিযোগ করেন তিনি। এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম ও সিপিডি এই সংলাপের আয়োজন করে। কারওয়ান বাজারে চাঁদাবাজিকে কেন্দ্র করে যুবদলের নেতা মোছাব্বির নিহত হয়েছেন দাবি করে সাইফুল আলম খান মিলন বলেন, "যখন সালাহউদ্দিন সাহেব মন্ত্রী ছিলেন না, তখন তিনি দেখতে গিয়েছিলেন। চাঁদাবাজিতে কারা জড়িত, সরকার খুব ভালোভাবে জানে।" চাঁদাবাজি নিয়ে ঘাঁটাঘাঁটি করলে প্রাণনাশের শঙ্কার কথা জানিয়ে তিনি বলেন, "আমার একজন ভাই, বড়ো সাংবাদিক। তিনি বলেছেন, চাঁদাবাজি নিয়ে ঘাঁটাঘাঁটি করবেন না, আপনার জীবন যাবে। তিনি প্রধানমন্ত্রীর সঙ্গে আলাপ করার পরামর্শ দিয়েছেন। আমি প্রধানমন্ত্রীর সাহায্য চাইবো। কারওয়ান বাজারে, মহাখালী, তেজগাঁওয়ের চাঁদাবাজি বন্ধ হোক, এটা আমরা চাইছি।" এসময় সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ও বিএনপি নেত্রী মাহমুদা হাবীবা বলেন, "আপনি জানেন না, কে চাঁদাবাজি করে।" জবাবে জামায়াতের এমপি সাইফুল আলম খান মিলন বলেন, এটা আগেও সরকারি দল করতো, এখনো সরকারি দল করছে।" মাহমুদা হাবীবা আরও বলেন, "নাগরিকের জন্য একটাই পরামর্শ, মামলা করুন।" জবাবে সাইফুল আলম খান মিলন বলেন, "মামলা পুলিশ নিচ্ছে না।"(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## নয়াপল্টনে সাবেক স্বাস্থ্য প্রতিমন্ত্রী সিনহার জানাজা অনুষ্ঠিত

সাবেক স্বাস্থ্য প্রতিমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দল -বিএনপির কোষাধ্যক্ষ মিজানুর রহমান সিনহার জানাজা নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৮ মে) সকালে অনুষ্ঠিত এ জানাজায়

দলের বিভিন্ন পর্যায়ের নেতা -কর্মীরা মিজানুর রহমান সিনহার প্রতি ফুলেল শ্রদ্ধা জানান। এ সময় বিএনপির ভাইস চেয়ারম্যান আসাদুজ্জামান রিপন, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও দলের জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, যুগ্ম মহাসচিব হাবিব উন নবী খান সোহেল এবং প্রধানমন্ত্রীর গবেষণা বিষয়ক কর্মকর্তা পাটোয়ারী আব্দুস সাত্তারসহ দলের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা অংশ নেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## জুলাই গ্রাফিতি মোছা নিয়ে চট্টগ্রামে এনসিপি-বিএনপি উত্তেজনা

চট্টগ্রামে জুলাই অভ্যুত্থানের স্মৃতি বিজড়িত গ্রাফিতি মুছে ফেলার ঘটনাকে কেন্দ্র করে বিএনপি ও এনসিপির স্থানীয় নেতা-কর্মীদের মধ্যে উত্তেজনা দেখা দিয়েছে। রোববার (১৭ মে) রাতে নগরের টাইগারপাস এলাকায় দুই পক্ষের নেতা-কর্মীরা পাল্টাপাল্টি স্লোগান দিলে সেখানে উত্তেজনাকর পরিস্থিতি র সৃষ্টি হয়। তবে পুলিশি উপস্থিতির কারণে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। প্রত্যক্ষদর্শীরা জানান, সন্ধ্যা সাড়ে ৭টার দিকে জুলাইয়ের গ্রাফিতি মুছে ফেলার অভিযোগ তুলে চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) প্রবেশমুখে বিক্ষোভ করেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মহানগর শাখার নেতা-কর্মীরা। এসময় তারা টাইগারপাস এলাকায় অবস্থিত চসিক কার্যালয়ের সামনে ব্যারিকেড দেন এবং সড়ক ও দেয়ালে নতুন করে বিভিন্ন স্লোগান লেখেন। কয়েকটি স্লোগানে চসিক মেয়র ডা. শাহাদাত হোসেনকে ইঙ্গিত করা হয়। পরে এনসিপির নেতা -কর্মীরা সেখান থেকে সরে গেলে টাইগারপাস এলাকায় মিছিল বের করেন বিএনপির নেতা-কর্মীরা। বিষয়টি জানাজানি হলে এনসিপির চট্টগ্রাম মহানগরের সদস্যসচিব আরিফ মঈনুদ্দিন সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে পোস্ট দিয়ে গ্রাফিতি নষ্ট করতে লোক পাঠানোর অভিযোগ তোলেন। একই সঙ্গে তিনি নেতা-কর্মীদের চসিক কার্যালয়ের সামনে জড়ো হওয়ার আহ্বান জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## র্যাবের নাম পাল্টালে যুক্তরাষ্ট্র হয়ত নিষেধাজ্ঞা পুনর্বিবেচনা করবে

এলিট ফোর্স হিসেবে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-র্যাবের নাম পরিবর্তনের বিষয়ে চিন্তাভাবনা করছে সরকার। এমনটি জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, একটা নতুন ফোর্স রি -নেম করি (নাম পরিবর্তন) বা রেইজ করি, সেখানে হয়ত তারা (যুক্তরাষ্ট্র) নিষেধাজ্ঞা পুনর্বিবেচনা করবে। তিনি বলেন, র্যাবের জন্য নতুন আইন হচ্ছে। সেখানে জবাবদিহিতা এবং স্বচ্ছতাও নিশ্চিত হবে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা আশা করছি, আগামী দিনে সম্পূর্ণভাবে মানবাধিকারকে সমুন্নত রেখে র্যাব তার সমস্ত কর্মকাণ্ড পরিচালিত করবে এবং আমরা একটি নতুন আইন প্রণয়নের উদ্যোগ নিয়েছি। যে আইনের অধীনে এলিট ফোর্স হিসেবে একটা বাহিনী থাকবে। আমরা র্যাবের নাম আবার রি-নেম করবো কি না বা অন্য নতুন এলিট ফোর্স আমরা রেইজ করব কি না, সেটা এখনও চিন্তা -ভাবনার বিষয়, সরকার বিবেচনা করছে। তবে এলিট ফোর্সের ক্ষেত্রে জবাবদিহিতা এবং স্বচ্ছতা আমরা এনশিওর করবো। তিনি বলেন, অথরিটি থাকবে, রেসপন্সিবিলিটি থাকবে। সঙ্গে সঙ্গে সেই বাহিনীর ট্রান্সপারেন্সি এবং অ্যাকাউন্ট্যাবিলিটি নিশ্চিত করা হবে সেই একই আইনে। সেভাবেই আমরা আগামীতে আইনের শাসন প্রতিষ্ঠা করবো এবং জননিরাপত্তা, জনপ্রত্যাশা অনুযায়ী প্রতিষ্ঠিত হবে। সালাহউদ্দিন আহমদ আরও বলেন, আমরা জানি যে, র্যাবের কিছু কর্মকর্তার কারণে প্রতিষ্ঠান হিসেবে র্যাব ক্ষতিগ্রস্ত হয়েছে। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর মধ্যে এমন কোনো প্রতিষ্ঠান ছিল না ফ্যাসিবাদী শাসনামলে, যে প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়নি। সেটা পুলিশ, সেনাবাহিনী, র্যাব, বিজিবি- সবাই ক্ষতিগ্রস্ত হয়েছে প্রতিষ্ঠান হিসেবে। কিন্তু আমাদের স্মরণ রাখতে হবে, কয়েকজন কর্মকর্তার কাজের দায় -দায়িত্ব পুরো প্রতিষ্ঠান নিতে পারে না। আমরা এখন যার যার নিজস্ব আইনে, সেই প্রতিষ্ঠানের আইনে, সেই সব অফিসারদের অ্যাকাউন্টেবল করার জন্য এবং আইনের আওতায় নিয়ে আসার জন্য অলরেডি অনুশাসন দিয়েছি। কারণ, প্রতিষ্ঠান দায়ী না। আইন আছে প্রতিষ্ঠান কীভাবে চলবে, কর্মকর্তারা কীভাবে সেই আইনমাফিক পরিচালিত হবে। যদি কিছু সংখ্যক কর্মকর্তা-কর্মচারী বিপথগামী হয় বা বিপথে যায়, তবে তারা ব্যক্তিগতভাবে দায়ী উল্লেখ করে তিনি বলেন, কোনো প্রতিষ্ঠান দায়ী না। আমরা সেই দৃষ্টিতেই দেখি। ঠিক আমেরিকা যে সময় র্যাবের ওপর স্যাংশন দেয়, সেই সময় র্যাব এমন কিছু কর্মকাণ্ডে জড়িত ছিল - রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহৃত হয়েছিল। সেই সময় ফ্যাসিবাদী সরকারের শেখ হাসিনা তার রাজনৈতিক হাতিয়ার হিসেবে তাদের উদ্দেশ্য চরিতার্থ করার জন্য, একদলীয় শাসন ব্যবস্থা এবং একদলীয় রাষ্ট্রব্যবস্থা কায়েমের জন্য যে উগ্র বাসনা তাদের ছিল, সেটা কায়েমের জন্য এভাবে অনেক প্রতিষ্ঠানকে ব্যবহার করেছে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সে কারণে র্যাবের ওপর যে স্যাংশনটা আমেরিকা দিয়েছে, সেটা এখনো বহাল। কিন্তু আমরা যদি এলিট ফোর্স হিসেবে একটা নতুন ফোর্স রি -নেম করি বা রেইজ করি, সেখানে হয়ত তারা বিষয়টা পুনর্বিবেচনা করবে। সেটা আশা করা যায়। তো এখন অনেক কিছু বাকি আছে, দেখা যাক। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৫.২০২৬ রুবাইয়া)

## চেয়ারম্যানের চেয়ার ফাঁকা, সচিবের ক্ষমতা বাড়িয়ে দুদক আইনে আসছে সংশোধন

দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান মোহাম্মদ আবদুল মোমেন পদত্যাগ করেন গত ৩ মার্চ। একই দিন দুদকের দুই কমিশনার মিয়া মুহাম্মদ আলি আকবার আজিজী ও ব্রিগেডিয়ার জেনারেল (অব.) হাফিজ আহসান ফরিদও পদত্যাগ করেন। এরপর গত প্রায় আড়াই মাস ধরে `চেয়ারম্যানের চেয়ার ফাঁকা, রেখেই দিন পার করছে সংস্থাটি।

এতে অভিভাবকশূন্য দুদকে দুর্নীতিবিরোধীসহ সার্বিক কার্যক্রমে দেখা দিয়েছে স্থবিরতা। কবে নাগাদ নতুন চেয়ারম্যান নিয়োগ দেওয়া হবে, সেটি এখনো স্পষ্ট নয়। তবে দুর্নীতি দমন (দুদক) কমিশন শূন্য হয়ে পড়লে যেন সংস্থার কার্যক্রম বন্ধ হয়ে না যায়, সেজন্য আইন সংশোধনের উদ্যোগ নেওয়া হয়েছে। নতুন সংশোধনীতে কমিশন না থাকলে দুদক সচিবকে সংস্থার কার্যক্রম চালিয়ে নেওয়ার ক্ষমতা দেওয়ার প্রস্তাব করা হয়েছে। একইসঙ্গে, কমিশনের মেয়াদ পাঁচ বছর থেকে কমিয়ে চার বছর করার সুপারিশও করা হয়েছে। দুদক সূত্রে জানা গেছে, গত সপ্তাহ দুই আগে আইন মন্ত্রণালয় থেকে এমন প্রস্তাব চাওয়া হয়েছে। দুদক চেয়ারম্যান ও কমিশনারদের পদত্যাগ বা পদচ্যুত হওয়ার কারণে কমিশন শূন্যতায় সার্বিক কার্যক্রমে স্থবিরতা কাটাতে এবং সংস্থাটি সচল রাখতে দুদক আইনে সংশোধনী এনে করা হচ্ছে `দুর্নীতি দমন কমিশন (দুদক) সংশোধন আইন,। দুদকের একাধিক ঊর্ধ্বতন কর্মকর্তা জাগো নিউজকে এ তথ্য জানিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকট মোকাবিলায় বাংলাদেশকে ৩৫ কোটি ডলার দেবে বিশ্বব্যাংক

জ্বালানি খাতে স্থিতিশীলতা আনতে এবং বৈশ্বিক জ্বালানি বাজারের অস্থিরতা মোকাবিলায় বাংলাদেশকে ৩৫০ মিলিয়ন ডলার বা ৩৫ কোটি ডলারের অতিরিক্ত অর্থায়ন অনুমোদন করেছে বিশ্বব্যাংক। অর্থায়নের মূল লক্ষ্য হলো- তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানিকে আরও সাশ্রয়ী, নির্ভরযোগ্য এবং পরিকল্পিত করা, যেন বিদ্যুৎ ও শিল্প উৎপাদন নির্বিঘ্ন থাকে। সোমবার (১৮ মে) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে বিশ্বব্যাংক। গত ১৫ মে অনুমোদিত এ অর্থায়ন `এনার্জি সেক্টর সিকিউরিটি এনহান্সমেন্ট প্রজেক্ট,-এর অংশ। বাংলাদেশের জন্য মূল ৩৫০ মিলিয়ন ডলারের `এনার্জি সিকিউরিটি এনহান্সমেন্ট প্রজেক্ট, বিশ্বব্যাংকের নির্বাহী পরিচালনা পর্ষদ ২০২৫ সালের ১৮ জুন অনুমোদন করে। প্রকল্পটি ২০৩১ সালের ৩১ ডিসেম্বর শেষ হওয়ার কথা রয়েছে। বর্তমানে মধ্যপ্রাচ্যে চলমান সংঘাতের কারণে বিশ্ব জ্বালানি বাজারে তীব্র অস্থিরতা দেখা দিয়েছে, যার ফলে এলএনজির দাম বেড়েছে এবং সরবরাহ ব্যবস্থাও অনিশ্চিত হয়ে পড়েছে। এতে বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ও সরকারি ব্যয়ের ওপর বাড়তি চাপ তৈরি হয়েছে। বাংলাদেশ বিদ্যুৎ উৎপাদনের একটি বড়ো অংশের জন্য আমদানি করা এলএনজির ওপর নির্ভরশীল। তাই আন্তর্জাতিক বাজারে দামের ওঠানামা সরাসরি দেশের বিদ্যুৎ উৎপাদন ও শিল্প খাতে প্রভাব ফেলে। এ পরিস্থিতি মোকাবিলায় বিশ্বব্যাংকের নতুন অর্থায়নের মাধ্যমে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান পেট্রোবাংলাকে সহায়তা দেওয়া হবে, যেন তারা দীর্ঘমেয়াদি চুক্তির মাধ্যমে এলএনজি কিনতে পারে। এতে স্পট মার্কেটের উচ্চ দামের ওপর নির্ভরতা কমবে এবং জ্বালানি সরবরাহ আরও স্থিতিশীল হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## ঈদযাত্রায় নদীপথে থাকবে ২৪ ঘণ্টা নিরাপত্তা, প্রস্তুত ১৭৫ লঞ্চ

এবারের ঈদযাত্রায় নদীপথে নিরাপত্তা ও সেবার বিশেষ প্রস্তুতি নেওয়া হয়েছে। ২১ মে থেকে ধাপে ধাপে কার্যক্রম শুরু হয়ে ২৪ মে থেকে যাত্রীদের চাপ বাড়বে। এ সময় নদীতে টহল, কন্ট্রোল রুম, ঘাট পুলিশ ও ২৪ ঘণ্টা নিরাপত্তা ব্যবস্থা চালু থাকবে। যাত্রীচাপ কমাতে বছিলা ও কাঞ্চন ব্রিজ এলাকা থেকেও লঞ্চ চলাচল করবে এবং পন্টুনের নির্দিষ্ট অংশে নৌকা প্রবেশ নিষিদ্ধ থাকবে। প্রায় ১০ থেকে ১২ লাখ যাত্রী এবং ১৭৫টি লঞ্চকে কেন্দ্র করে পুরো ব্যবস্থাপনা সাজানো হয়েছে। যাত্রীসেবায় হুইল চেয়ার, ট্রলি, প্রাথমিক চিকিৎসা ও বয়স্কদের জন্য ক্যাডেট সেবা থাকবে। কুলিদের হয়রানি কমাতে ২০০ জন স্বেচ্ছাসেবী কুলি নিয়োগ দেওয়া হয়েছে, যাদের জন্য কোনো অর্থ দিতে হবে না। লঞ্চের ফিটনেস যাচাই, অতিরিক্ত ভাড়া নিয়ন্ত্রণ এবং হটলাইন সেবা চালু থাকবে। সব মিলিয়ে ঈদযাত্রাকে নিরাপদ ও শৃঙ্খল রাখার উদ্যোগ নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## নাফ নদীর মিয়ানমার সীমান্তে ব্যাপক গোলাগুলি

কক্সবাজারের টেকনাফে নাফ নদীর মিয়ানমার সীমান্ত এলাকায় থেমে থেমে ব্যাপক গোলাগুলির ঘটনা ঘটেছে। এসময় নদীতে মাছ ধরতে যাওয়া জেলেরা আতঙ্কে দ্রুত নিরাপদ স্থানে সরে আসেন। সোমবার (১৮ মে) সকাল ১০টার দিকে টেকনাফের হ্নীলা ইউনিয়নের লেদা সীমান্তের ওপারে এ গোলাগুলির ঘটনা ঘটে। স্থানীয় জেলে আহমেদ মিয়া জানান, সকালে হ্নীলা লেদা সংলগ্ন নাফ নদীতে মাছ ধরার সময় তারা মিয়ানমার সীমান্তবর্তী এলাকায় একটি লাল রঙের স্পিডবোট দেখতে পান। এর কিছুক্ষণ পরই মিয়ানমারের অভ্যন্তর থেকে থেমে থেমে শতাধিক গুলির শব্দ শোনা যায়। এতে মাছ ধরতে যাওয়া জেলেরা আতঙ্কিত হয়ে দ্রুত নিরাপদ স্থানে সরে যান। তবে কাদের মধ্যে গোলাগুলির ঘটনা ঘটেছে, তা স্পষ্ট নয় বলে জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## ভূমি কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিতে প্রযুক্তির মাধ্যমে নজরদারি

ভূমি সেবায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতে মাঠপর্যায়ের কর্মকর্তাদের কর্মস্থলে উপস্থিতি নজরদারিতে জিও-লোকেশনভিত্তিক মনিটরিং ব্যবস্থা চালুর ঘোষণা দিয়েছেন ভূমি প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল উদ্দিন। তিনি জানান, প্রযুক্তিনির্ভর এ ব্যবস্থার মাধ্যমে কর্মকর্তাদের নির্ধারিত কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করা সহজ হবে। পাশাপাশি ভূমি সেবায় অনিয়ম ও ভোগান্তি কমিয়ে সেবাগ্রহীতাদের জন্য আরও স্বচ্ছ ও জবাবদিহিমূলক পরিবেশ গড়ে তোলা সম্ভব

হবে। সোমবার (১৮ মে) সচিবালয়ে ভূমিসেবা মেলা উপলক্ষ্যে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রতিমন্ত্রী এ কথা জানান। এ সময় ভূমিমন্ত্রী মিজানুর রহমান মিনু উপস্থিত ছিলেন। ভূমি প্রতিমন্ত্রী বলেন, সরকারি কর্মকর্তারা শুধু ফিঙ্গারপ্রিন্ট দিয়ে অফিসে এসে চলে যেতে পারবেন না। নির্ধারিত কর্মস্থলে অবস্থান নিশ্চিত করতে নতুন প্রযুক্তিনির্ভর ব্যবস্থা চালু করা হচ্ছে। বিশেষ অতিথির বক্তব্যে তিনি বলেন, ভূমি মন্ত্রণালয় নিয়ে মানুষের মধ্যে দীর্ঘদিন ধরে একটি নেতিবাচক ধারণা রয়েছে। সেটি অস্বীকারের সুযোগ নেই। সরকার দায়িত্ব নেওয়ার পর থেকেই এ ধারণা পরিবর্তনে কাজ করছে মন্ত্রণালয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে গ্রাফিতি আঁকতে যাওয়া শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি

চট্টগ্রাম নগরে জুলাই গণ-অভ্যুত্থানের গ্রাফিতি আঁকতে যাওয়া শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি হয়েছে। এসময় কয়েকজনকে আটক করে পুলিশ ভ্যানে তোলা হলেও, পরে তাদের ছেড়ে দেওয়া হয়। সোমবার (১৮ মে) দুপুর ১টার দিকে টাইগারপাস মোড়ে এ ঘটনা ঘটে। এর আগে, সকাল থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নগরের জিইসি মোড় থেকে দেওয়ানহাট পর্যন্ত মূল সড়ক ও আশেপাশের এলাকায় সভা-সমাবেশ ও মিছিল-মিটিং নিষিদ্ধ ঘোষণা করে চট্টগ্রাম মহানগর পুলিশ (সিএমপি)। প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুর সাড়ে ১২টার পর টাইগারপাস পুলিশ বক্স এলাকায় কয়েকজন শিক্ষার্থী জড়ো হন। তারা জুলাই গণ-অভ্যুত্থানের স্মৃতিবিজড়িত গ্রাফিতি আঁকার প্রস্তুতি নিচ্ছিলেন। এসময় পুলিশ মাইকিং করে তাদের সরে যেতে বলে। জবাবে শিক্ষার্থীরা জানান, তারা বড়ো জমায়েত করবেন না, তিনজন করে গিয়ে গ্রাফিতি আঁকবেন। কয়েকজন শিক্ষার্থী ১টার দিকে রংতুলি নিয়ে গ্রাফিতি আঁকার চেষ্টা করলে পুলিশ বাধা দেয়। এক পর্যায়ে উভয়পক্ষের মধ্যে ধস্তাধস্তির ঘটনা ঘটে। এসময় বালতি থেকে রং ছিটকে কয়েকজন পুলিশ সদস্য ও শিক্ষার্থীর গায়ে পড়ে। পরে পুলিশ কয়েকজনকে আটক করে ভ্যানে তোলে। এ ঘটনায় অন্য শিক্ষার্থীরা প্রতিবাদ জানাতে থাকেন। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## তিন লাখ কোটি টাকার উন্নয়ন বাজেট পাস, শিক্ষা-স্বাস্থ্যে গুরুত্ব

আগামী ২০২৬-২৭ অর্থবছরের জন্য রেকর্ড তিন লাখ কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)। সোমবার (১৮ মে) রাজধানীর আগারগাঁওয়ে এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত সভায় এ উন্নয়ন বাজেট অনুমোদন করা হয়। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উন্নয়ন বাজেট অনুমোদনের বিষয়টি চূড়ান্ত করা হয়। অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, ৩ লাখ কোটি টাকার উন্নয়ন বাজেট পাস করা হয়েছে। আমরা আমাদের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে গুরুত্ব দিয়েছি। অনেক পর নির্বাচিত সরকার এডিপি পাস করেছে, এবার এডিপি বাস্তবায়ন বাড়বে। অর্থমন্ত্রী বলেন, তিন লাখ কোটি টাকার এডিপি অনুমোদন দেওয়া হয়েছে। নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে এবার বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে এবং সরকারের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের হারও বাড়বে। স্বাস্থ্য ও শিক্ষা খাতকে অগ্রাধিকার দিয়ে এবারের উন্নয়ন বাজেট সাজানো হয়েছে। স্বাস্থ্য বিভাগের চলমান প্রকল্পে বরাদ্দ রাখা হয়েছে ছয় হাজার আট কোটি টাকা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর পরিকল্পনা বাস্তবায়নে নারী এমপিদের সক্রিয় ভূমিকা থাকবে

সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যদের সঙ্গে প্রধানমন্ত্রীর প্রথম বৈঠকে সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখার নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য সেলিমা রহমান। সোমবার (১৮ মে) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সরকার দলীয় সংরক্ষিত আসনের নারী সংসদ সদস্যদের সভা শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সেলিমা রহমান বলেন, মূলত প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও ধন্যবাদ জানানোর উদ্দেশ্যেই এ বৈঠক হয়। এসময় সংরক্ষিত নারী আসনের সদস্যরা তাদের দায়িত্ব, কাজের পরিধি ও ভবিষ্যৎ কার্যক্রম নিয়ে বিভিন্ন বিষয় আলোচনা করেন। তিনি বলেন, সংরক্ষিত আসনের সদস্যদের নির্দিষ্ট কোনো এলাকা না থাকায় কোন এলাকায়, কীভাবে কাজ করতে হবে, সে বিষয়ে প্রধানমন্ত্রী দিক-নির্দেশনা দিয়েছেন। সেই নির্দেশনা অনুযায়ী আগামীতে তারা কাজ করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## ঝিনাইদহে বজ্রপাতে দুইজনের মৃত্যু

জেলার সদর উপজেলার মায়াধরপুর গ্রামে বজ্রপাতে সাইদুল ইসলাম (৪৫) নামে এক কৃষক ও শৈলকূপার দামুকদিয়া গ্রামে আন্না খাতুন নামে এক নারীর মৃত্যু হয়েছে। এছাড়া , বজ্রপাতের পৃথক ঘটনায় সদর ও শৈলকূপা উপজেলার বিভিন্ন গ্রামের অন্তত ১০ জন আহত হয়েছেন। সোমবার (১৮ মে) বিকেল থেকে জেলায় বৃষ্টি ও বজ্রপাত শুরু হলে এসব হতাহতের ঘটনা ঘটে। নিহত সাইদুল ইসলাম ফরিদপুরের কানাইপুরে ভাড়া বাসায় বসবাস করতেন। তিনি কুষ্টিয়ার স্থায়ী বাসিন্দা। বজ্রপাতে অপর মৃত নারী আন্না খাতুন শৈলকূপার দামুকদিয়া গ্রামের আনিসুর রহমানের স্ত্রী। ঝড়ের সময় আম কুড়াতে গিয়ে তিনি বজ্রপাতে আক্রান্ত হন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## ধৈর্য ধরুন, তিস্তা মহাপরিকল্পনাও বাস্তবায়ন হবে: প্রতিমন্ত্রী

পানিসম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ বলেছেন, "একটু ধৈর্য ধরুন, অপেক্ষা করুন। তিস্তা মহাপরিকল্পনাও বাস্তবায়ন হবে।" সোমবার (১৮ মে) দুপুরে রংপুরের শহিদ আবু সাঈদ স্টেডিয়ামে নতুন কুঁড়ি স্পোর্টস -২০২৬ এর আঞ্চলিক পর্যায়ের উদ্‌বোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, "আমাদের সরকারের পানিসম্পদ মন্ত্রণালয়ের তিনটি চ্যালেঞ্জ রয়েছে। এর মধ্যে একটি ফারাক্কা চুক্তি, অন্যটি পদ্মা ব্যারাজ প্রকল্প এবং তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন। আমাদের সরকার গঠনের কেবল তিন মাস হয়েছে। আমাদের সময় দেন, মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য টেকনিক্যাল ও পরীক্ষা-নিরীক্ষার কিছু বিষয় আছে। যাচাই-বাছাই প্রক্রিয়া আছে, সেগুলো আমরা করছি। তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন হবে। এজন্য অপেক্ষা ও ধৈর্য ধরতে হবে।" তিনি বলেন, "একনেকে পদ্মা ব্যারাজের জন্য বরাদ্দ হয়েছে। ইনশাল্লাহ তিস্তা মহাপরিকল্পনার জন্যও হবে। প্রধানমন্ত্রী নির্বাচনি প্রতিশ্রুতি দিয়েছিলেন। একটু ধৈর্য ধরুন, অপেক্ষা করুন। তিস্তা মহাপরিকল্পনাও বাস্তবায়ন হবে।"
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

## শনিবার খোলা থাকছে সুপ্রিম কোর্ট ও নিম্ন আদালতের দপ্তর

আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে আগামী ২৫ থেকে ৩১ মে পর্যন্ত টানা সাতদিন দেশের সব অধস্তন আদালত, ট্রাইব্যুনাল ও সুপ্রিম কোর্টের নিয়মিত বিচারিক কার্যক্রম বন্ধ থাকবে। তবে এই ছুটির ক্ষতিপূরণ ও দাপ্তরিক কাজের সুবিধার্থে আগামী ২৩ ও ২৪ মে শনি ও রোববার সব আদালত খোলা থাকবে। সোমবার (১৮ মে) সুপ্রিম কোর্ট প্রশাসনের পক্ষ থেকে সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল স্বাক্ষরিত পৃথক দুটি বিশেষ বিজ্ঞপ্তির মাধ্যমে এই তথ্য জানানো হয়। অধস্তন (নিম্ন) আদালত ও ট্রাইব্যুনালগুলোর জন্য জারি করা বিজ্ঞপ্তিতে বলা হয়, ঈদুল আজহা উপলক্ষ্যে দেশের সব নিম্ন আদালত ও ট্রাইব্যুনাল ২৫ থেকে ৩১ মে পর্যন্ত বন্ধ থাকবে। তবে এর আগে, ২৩ ও ২৪ মে যথানিয়মে সব অধস্তন আদালত ও ট্রাইব্যুনাল খোলা থাকবে এবং নিয়মিত বিচারিক কার্যক্রম ও মামলার শুনানি অনুষ্ঠিত হবে। হাইকোর্ট ও আপিল বিভাগের বিষয়ে জারি করা বিজ্ঞপ্তিতে বলা হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৪ মে জারি করা প্রজ্ঞাপন অনুযায়ী ২৫ থেকে ৩১ মে পর্যন্ত সরকারি ছুটি এবং ২৩ ও ২৪ মে অফিস খোলা রাখার ঘোষণা দেওয়া হয়। তবে বিচার বিভাগের বিশেষ কাঠামোর কারণে আদালতের ছুটির বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ার সুপ্রিম কোর্টের ওপর ন্যস্ত করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## রেকর্ড প্রায় ৩ লাখ কোটি টাকার উন্নয়ন বাজেট অনুমোদন

আগামী ২০২৬-২৭ অর্থবছরের জন্য রেকর্ড প্রায় তিন লাখ কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদ। আজ সোমবার রাজধানীর আগারগাঁওয়ের জাতীয় অর্থনৈতিক পরিষদের সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এই বাজেট অনুমোদন করা হয়। সভায় সরকারের উন্নয়ন পরিকল্পনা, অর্থনৈতিক পুনর্গঠন, সামাজিক সুরক্ষা এবং আঞ্চলিক ভারসাম্যপূর্ণ উন্নয়নের বিষয়গুলো বিশেষ গুরুত্ব পায়। পরিকল্পনা কমিশনের কার্যপত্র অনুযায়ী, আগামী অর্থবছরের উন্নয়ন কর্মসূচির মোট আকার ধরা হয়েছে তিন লাখ কোটি টাকা। এর মধ্যে সরকারের নিজস্ব অর্থায়ন ১ লাখ ৯০ হাজার কোটি টাকা এবং বৈদেশিক ঋণ ও অনুদান ১ লাখ ১০ হাজার কোটি টাকা। এ ছাড়া স্বায়ত্তশাসিত সংস্থা ও করপোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পে আরো আট হাজার ৯২৪ কোটি টাকা যুক্ত হলে মোট উন্নয়ন ব্যয়ের পরিমাণ দাঁড়াবে ৩ লাখ ৮ হাজার ৯২৪ কোটি টাকার বেশি।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর সুনজরে বর্তমান নির্বাচন কমিশন টিকে আছে: নাসীরুদ্দীন

পুনরায় কোনো গণ-অভ্যুত্থান ঘটলে সংস্কারের লক্ষ্যে সবার আগে নির্বাচন কমিশনকে পুনর্গঠন করা হবে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির প্রধান সংগঠক নাসীরুদ্দীন পাটওয়ারী। তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, নির্বাচনি কারচুপির অভিযোগে বর্তমান নির্বাচন কমিশনেরও বিচার করা হবে। সোমবার দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচনি প্রশিক্ষণ ইন্সটিটিউটে আরএফইডির নতুন কমিটির দায়িত্ব গ্রহণ ও বিদায়ি কমিটির সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব মন্তব্য করেন। অনুষ্ঠানে নাসীরুদ্দীন পাটওয়ারী দাবি করেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্যাপক জালিয়াতি হয়েছে। প্রধানমন্ত্রীর সুনজরে বর্তমান কমিশন টিকে আছে। আসন্ন স্থানীয় সরকার নির্বাচনগুলো যদি সম্পূর্ণ স্বচ্ছ ও নিরপেক্ষ না হয়, তবে তারা কঠোর আন্দোলনে নামবেন। অনিয়ম হলে এই কমিশনকেও জবাবদিহিতার আওতায় আনা হবে। জাতীয় নির্বাচনের সময় নিজের একটি অভিজ্ঞতার কথা তুলে ধরে পাটওয়ারী বলেন, "যখন আফরোজা আব্বাস বিভাগীয় কমিশনের সামনে ৫ থেকে ৬ হাজার লোক নিয়েছিল, আমি ডাক দিলে সেখানে ৫০ হাজার থেকে ১ লাখ লোক আসতো। এতে সেখানে একটা রক্তাক্ত মারামারি হতো, অনেকগুলো লাশ পড়তো।" তিনি আরও বলেন, "আমি শুধু একটা কারণে সরে আসছি, যদি ওই হাসপাতালে গিয়ে কোনো বাবার ছেলে মারা যেত, আমি

তাকে কোনো জবাব দিতে পারতাম না। ইনশাল্লাহ এটা কিন্তু বাংলাদেশে বিচার হবে , নির্বাচনে যারা এই নির্বাচন কমিশনে নেতৃত্ব দিয়েছেন, তাদের বিচার আমরা ইনশাল্লাহ এই বাংলার মাটিতে করবো। „ এনসিপির প্রধান সংগঠক বলেন, ”নির্বাচনের দিন ডিজিএফআই , এনএসআই এবং অন্যান্য গোয়েন্দা সংস্থা থেকে শুরু করে কীভাবে ডিসি অফিসে নগ্নভাবে একটা ইলেকশনের ইঞ্জিনিয়ারিং করতে পারে, সেটা এ বাংলাদেশ দেখেছে।„
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ আসাদ)

## ঈদে সব ফিলিং স্টেশনে ২৪ ঘণ্টা খোলা রাখার নির্দেশ

ঈদুল আজহা উপলক্ষ্যে দেশের সব ফিলিং স্টেশন ২৪ ঘণ্টা খোলা রাখার নির্দেশ দেওয়া হয়েছে। ঈদে যাত্রীদের যাতায়াতের সুবিধার জন্য ১৩ দিন সিএনজি ফিলিং স্টেশন খোলা রাখার এ সিদ্ধান্ত নিয়েছে সরকার। সম্প্রতি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে পেট্রোবাংলার চেয়ারম্যানকে এ সংক্রান্ত চিঠি দেওয়া হয়েছে। চিঠিতে বলা হয়েছে , ঈদুল আযহা উদ্‌যাপন উপলক্ষ্যে মহাসড়কে যাত্রী সাধারণের যাতায়াতে যানবাহন চলাচল স্বাভাবিক রাখার জন্য জ্বালানি সরবরাহের সুবিধার্থে ঈদের দিনসহ এর আগের ৭ দিন এবং পরের ৫ দিন সিএনজি ফিলিং স্টেশনগুলো সার্বক্ষণিক খোলা রাখতে হবে। সে হিসাবে ২১ মে থেকে ২ জুন পর্যন্ত এ ব্যবস্থা কার্যকর থাকবে। এদিকে, রোজার ঈদের মতো কোরবানির ঈদেও টানা সাত দিনের অবকাশ পাচ্ছেন দেশের মানুষ। সরকার ২৫ মে থেকে ৩১ মে পর্যন্ত ছুটি ঘোষণা করেছে। মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী, ঈদের ছুটির আগে ২৩ ও ২৪ মে অফিস খোলা থাকবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ আসাদ)

## ডুয়েটে চলছে ‘ব্লকেড, কর্মসূচি, বিশ্ববিদ্যালয়ের সব কার্যক্রম স্থগিত

নবনিযুক্ত উপাচার্যকে প্রত্যাখ্যান করে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চলা আন্দোলন গড়ালো পঞ্চম দিনে। সোমবার চলছে পূর্বঘোষিত ডুয়েট ব্লকেড কর্মসূচি। এতে বিশ্ববিদ্যালয়ের প্রায় সব কার্যক্রম স্থগিত রয়েছে। মূল ফটকে তালা দিয়েছেন শিক্ষার্থীদের একাংশ। সরেজমিন দেখা যায় , সকাল থেকে শিক্ষার্থীরা মূল গেট বন্ধ করে দিয়েছেন। সকাল থেকেই বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা -কর্মচারীরা গেটে অবস্থান করলেও , শিক্ষার্থীরা তাদের ভেতরে প্রবেশ করতে দিচ্ছেন না। আজও ডুয়েট এবং আশপাশের এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে। শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনেও তালা দিয়েছেন। তাদের বিক্ষোভ মিছিল করতে দেখা গেছে। এসময় রাজনীতিমুক্ত ক্যাম্পাসসহ বিভিন্ন বিষয়ে স্লোগান দিতে দেখা যায় তাদের। এর আগে , গত বৃহস্পতিবার শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড . মোহাম্মদ ইকবালকে ডুয়েটের উপাচার্য হিসেবে নিয়োগের প্রজ্ঞাপন জারি করা হলে আন্দোলন শুরু হয়। সেদিন শিক্ষার্থীরা ডুয়েট ক্যাম্পাসের ভেতরেই বিক্ষোভ করে। এক পর্যায়ে তারা জয়দেবপুর-শিমুলতলী সড়ক অবরোধ করে। পরদিন শুক্রবারও তাদের আন্দোলন চলমান থাকে। গাজীপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো . আমিনুল ইসলাম জানান, সামনে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। আজকে পরিস্থিতি এখন পর্যন্ত স্বাভাবিক রয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ আসাদ)

## দেশে ফিরলেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন

যুক্তরাজ্যে স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসা শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি মো . সাহাবুদ্দিন। সোমবার, ১৮ মে সকালে তিনি রাজধানীর হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন। বঙ্গভবনের প্রেস উইং বিষয়টি নিশ্চিত করেছে। এর আগে, গত ৯ মে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসার উদ্দেশ্যে যুক্তরাজ্যের রাজধানী লন্ডনের উদ্দে শ্যে ঢাকা ত্যাগ করেছিলেন রাষ্ট্রপতি। বিমানবন্দরে তাকে বিদায় জানি য়েছিলেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো . আসাদুজ্জামান, ডিপ্লোম্যাটিক কোরের ডিন ইউসুফ এস ওয়াই রমাদান , যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক এবং সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারা। লন্ডন সফরে রাষ্ট্রপতির সঙ্গে তার পরিবারের সদস্য , বিশেষজ্ঞ চিকিৎসক, স্টাফ নার্স এবং বঙ্গভবনের সংশ্লিষ্ট কর্মকর্তারা ছিলেন। সেখানে তিনি একটি বিশেষায়িত হাসপাতালে প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করেন। উল্লেখ্য , ২০২৩ সালের অক্টোবরে সিঙ্গাপুরে রাষ্ট্রপতির কার্ডিয়াক বাইপাস সার্জারি সম্পন্ন হয়েছিল। চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী নিয়মিত বিরতিতে তাকে এই স্বাস্থ্য পরীক্ষা করাতে হয়। দীর্ঘ ৯ দিনের সফর শেষ করে রাষ্ট্রপতি এখন সুস্থ অবস্থায় নিজ কর্মস্থলে ফিরেছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ আসাদ)

## ‘জুলাই বিপ্লবের, গ্রাফিতি মোছা নিয়ে উত্তেজনা, ১৪৪ ধারা জারি

চট্টগ্রাম নগরের ফ্লাইওভারের পিলারে ‘জুলাই বিপ্লবের, গ্রাফিতি মুছে ফেলাকে কেন্দ্র করে সিটি মেয়র ও এনসিপি নেতা-কর্মীদের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে। সংঘাত এড়াতে আজ সোমবার সকালে দেওয়ানহাট থেকে জিইসি মোড় পর্যন্ত এলাকায় ১৪৪ ধারা জারি করেছে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ। ঘটনার সূত্রপাত গতকাল রোববা র রাতে। টাইগারপাস এলাকায় ফ্লাইওভারের পিলারে থাকা জুলাই আন্দোলনের গ্রাফিতি মুছে ফেলার খবর পেয়ে সেখানে জড়ো হন এনসিপির নেতা -কর্মীরা। তারা এ ঘটনার জন্য চসিক মেয়র ডা . শাহাদাত হোসেনকে দায়ী করে বিক্ষোভ মিছিল করেন এবং নতুন করে গ্রাফিতি আঁকা শুরু করেন। এক পর্যায়ে মেয়রের অনুসারী ও ছাত্রদল নেতা -কর্মীরাও সেখানে

মিছিল নিয়ে এলে, দুইপক্ষ মুখোমুখি অবস্থানে দাঁড়ায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ মধ্যস্থতা করলে মধ্যরাতে উত্তেজনা কিছুটা প্রশমিত হয়। এনসিপির চট্টগ্রাম মহানগরের সদস্যসচিব আরিফ মঈনুদ্দিন বলেন , "টাইগারপাস ছিল জুলাই আন্দোলনের অন্যতম কেন্দ্রবিন্দু। পিলারের গ্রাফিতি মুছে সেখানে বিজ্ঞাপনের লিজ দিয়ে মেয়রের আয় করার চেষ্টা জুলাই আন্দোলনের চেতনার সঙ্গে বেইমানি।„ তবে আজ সকালে এক সংবাদ সম্মেলনে মেয়র ডা. শাহাদাত হোসেন এই অভিযোগ অস্বীকার করে বলেন, "পিলারগুলো পোস্টারে ঢেকে বিবর্ণ হয়ে যাওয়ায়, সেগুলো সংস্কারের জন্য নতুন করে রং করা হয়েছে। সেখানে আবারও গ্রাফিতি আঁকা হবে। সামনে স্থানীয় নির্বাচন থাকায় একটি পক্ষ রাজনৈতিক উদ্দেশ্যে পরিকল্পিতভাবে এই ষড়যন্ত্র করছে।„ সিএমপির উপ-পুলিশ কমিশনার আমিরুল ইসলাম জানান, আজ সকালে আবারও দুইপক্ষ পাল্টাপাল্টি কর্মসূচি ঘোষণা করায় সংঘর্ষের আশঙ্কায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। বর্তমানে ওই এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ আসাদ)

## বাজারে আসছে ৩ ধরনের নতুন নোট

বাংলাদেশ ব্যাংক `দেশের ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক স্থাপত্য , শীর্ষক নতুন সিরিজের ১০০০, ৫০০ ও ১০ টাকা মূল্যমানের ব্যাংক নোট বাজারে ছেড়েছে। একইসঙ্গে আজ থেকে এসব নোট বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিস থেকে ইস্যু শুরু হয়েছে। সোমবার বাংলাদেশ ব্যাংক থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, নতুন নোটগুলোতে বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমানের সই সংবলিত থাকবে। এর আগে, প্রচলনে আসা একই সিরিজের ২০, ৫০ ও ১০০ টাকা মূল্যমানের নোটও পর্যায়ক্রমে গভর্নরের সই ইস্যু করা হবে। আরও বলা হয়, নতুন নোটগুলোর রং, আকৃতি, ডিজাইন ও নিরাপত্তা বৈশিষ্ট্য আগের মতোই অপরিবর্তিত থাকবে। পাশাপাশি বর্তমানে প্রচলিত সব কাগুজে নোট ও ধাতব মুদ্রাও বৈধ এবং চালু থাকবে। কেন্দ্রীয় ব্যাংক গণমাধ্যমকে জাতীয় স্বার্থে এ তথ্য প্রচারের অনুরোধ জানিয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ আসাদ)

## বৈশ্বিক বিনিয়োগ গন্তব্যে পরিণত হচ্ছে বাংলাদেশ: অর্থমন্ত্রী

অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন , সরকারের সংস্কার উদ্যোগ, নেতৃত্বের দৃঢ়তা, দ্রুত সিদ্ধান্ত গ্রহণ এবং উচ্চাভিলাষী উন্নয়ন কর্মসূচির কারণে বাংলাদেশ ধীরে ধীরে বিশ্বের পরবর্তী বড়ো বিনিয়োগ গন্তব্য হিসেবে আবির্ভূত হচ্ছে। আজ জাতীয় অর্থনৈতিক পরিষদ এনইসি ,র সভা শেষে এক প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন , দেশের অর্থনীতিকে ভঙ্গুর অবস্থা থেকে বের করে আনতে ৩ লাখ কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে, যা বড়ো আকারের বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে প্রবৃদ্ধি ত্বরান্বিত করবে। নতুন এডিপি অতিরিক্ত উচ্চাভিলাষী কিনা , এমন প্রশ্নের জবাবে তিনি বলেন , উচ্চাকাঙ্ক্ষা না থাকলে উন্নয়ন এগিয়ে নেওয়া যায় না। তিনি আরও বলেন , বিগত বছরগুলোর প্রতিবন্ধকতা ও স্থবিরতা কাটিয়ে সামনে এগিয়ে যেতে বিনিয়োগ অপরিহার্য। বিনিয়োগ ছাড়া কোনো প্রবৃদ্ধি , কর্মসংস্থান বা উন্নয়ন হবে না। নির্বাচিত সরকারের অধীনে শক্তিশালী রাজনৈতিক অঙ্গীকার এবং প্রশাসনিক দক্ষতার কারণে এই বৃহৎ উন্নয়ন বাজেট বাস্তবায়নের বিষয়ে সরকার আত্মবিশ্বাসী। এটি অঙ্গীকারের বিষয়। আমরা মাত্র তিন মাসের মধ্যেই দেখিয়ে দিয়েছি, আমরা দ্রুত সিদ্ধান্ত নিতে এবং তা বাস্তবায়ন করতে পারি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ আসাদ)

## আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দক্ষতা বৃদ্ধিতে সহযোগিতা প্রদানে আগ্রহী সিঙ্গাপুর

বাংলাদেশের পুলিশসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পেশাগত দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধিতে সব ধরনের প্রযুক্তিগত ও প্রশিক্ষণ সহযোগিতা প্রদান করতে আগ্রহী সিঙ্গাপুর। আজ সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ -এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে সিঙ্গাপুরের অনিবাসী হাইকমিশনার ডেরেক লো এ আগ্রহ প্রকাশ করেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ফয়সল হাসান আজ এ তথ্য জানিয়েছেন। বৈঠকে দু 'দেশের মধ্যে আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা পরিস্থিতি, পুলিশের পেশাগত প্রশিক্ষণ, দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি, সাইবার সিকিউরিটি, আন্তঃদেশীয় সন্ত্রাস ও উগ্রবাদ দমনে পারস্পরিক তথ্য বিনিময়, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ এবং ফৌজদারি বিষয়ে পারস্পরিক আইনগত সহায়তাসহ পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়। বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন , বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যকার সম্পর্ক অত্যন্ত নিবিড় ও বহুমুখী। এই দ্বিপক্ষীয় সম্পর্ক পারস্পরিক অভিন্ন স্বার্থ, সহযোগিতা এবং বন্ধুত্বের সুদৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত। তিনি বলেন, আন্তর্জাতিক ও আঞ্চলিক পর্যায়ে উভয় দেশই পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে একই ধরনের মনোভাব ও দৃষ্টিভঙ্গি পোষণ করে থাকে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৫.২০২৬ আসাদ)

# BBC

## AT LEAST SIX AMERICANS EXPOSED TO EBOLA DURING DR CONGO OUTBREAK

At least six Americans have been exposed to the Ebola virus during a deadly outbreak in the Democratic Republic of Congo, sources have told CBS News, the BBC's US partner. The World Health Organization (WHO) has declared the outbreak as an international emergency,

with the DR Congo's health ministry reporting around 350 suspected cases and 91 deaths. One American is believed to have symptoms, with three others said to have faced a high-risk contact or exposure. It is unclear whether any have been infected. The US Centres for Disease Control and Prevention (CDC) said it was supporting the "safe withdrawal of a small number of Americans who are directly affected", but did not confirm how many.
(BBC News Web Page: 18/05/26, FARUK)

**ISRAELI FORCES BOARDING GAZA-BOUND FLOTILLA NEAR CYPRUS: ACTIVISTS**

Pro-Palestinian activists say Israeli forces are intercepting a flotilla of more than 50 boats carrying aid for Gaza in international waters west of Cyprus. The Global Sumud Flotilla (GSF) said its fleet was being boarded in what it called "another illegal, high-seas aggression" about 250 nautical miles from Gaza, which is under an Israeli maritime blockade. Its video stream showed commandos climbing onto several boats. Israel's Prime Minister Benjamin Netanyahu said the raid was "effectively neutralizing a malicious plan designed to break the isolation we have imposed on Hamas terrorists in Gaza". Last month, Israeli forces intercepted 21 boats from the same flotilla near Crete.
(BBC News Web Page: 18/05/26, FARUK)

**IRISH PRESIDENT TO MEET KING CHARLES DURING OFFICIAL VISIT**

Irish President Catherine Connolly is expected to meet King Charles during a three-day visit to Britain. Her trip began on Monday with a visit to the Irish Cultural Centre in Hammersmith, London, where she said some Irish people were leaving Ireland because of a lack of housing. She also met those participating in an Irish language class, and enjoyed some musical and dance performances. It is Connolly's first official visit to England since her inauguration in November, when she spoke about her commitment to engaging with the Irish diaspora. Speaking at the cultural centre, Connolly said: "Historically, modern-day immigration was driven by economic factors, with large numbers leaving Ireland for London, Manchester, Liverpool, Birmingham and elsewhere. This occurred in waves and we know that from the 19th century and the 20th Century, and unfortunately today as well, we have people leaving our shores for various reasons, but some of them for lack of housing."
(BBC News Web Page: 18/05/26, FARUK)

**TRUMP WARNS 'CLOCK IS TICKING' FOR IRAN AS PEACE PROGRESS STALLS**

US President Donald Trump has warned Iran the "clock is ticking" as talks to bring the war to an end have stalled. "They better get moving, FAST, or there won't be anything left of them," he wrote on his Truth Social platform. "TIME IS OF THE ESSENCE!" The message came as the president spoke with Israeli Prime Minister Benjamin Netanyahu on Sunday, the Times of Israel reported, citing Netanyahu's office. On Monday Iran said it had responded to the latest US proposal and that exchanges with Washington were continuing through Pakistani mediators. Iranian media earlier reported the US had failed to make any concrete concessions to Tehran, with the semi-official Mehr news agency saying a lack of compromise would lead to an "impasse in the negotiations".
(BBC News Web Page: 18/05/26, FARUK)

**BODIES OF MISSING ITALIAN DIVERS FOUND IN MALDIVES**

The bodies of four Italian divers who went missing during a scuba diving accident in the Maldives last week have been located, officials have confirmed to the BBC. One body, belonging to a fifth member of the group, had already been located after the incident on Thursday. The Italian nationals were found inside a 60-metre-deep cave in Vaavu Atoll by a joint team of highly trained Finnish and Maldivian divers, according to local authorities. A rescue diver also died on Saturday while searching for the bodies of the group. Italy's foreign ministry said the four bodies were located in the cave's third section - the furthest from the entrance - and that additional dives would be needed to recover them.
(BBC News Web Page: 18/05/26, FARUK)

**STRIKE OVER HIGH FUEL PRICES PARALYSES TRANSPORT IN KENYA**

Thousands of Kenyan commuters have been stranded and businesses paralyzed as public transport operators went on a nationwide strike to protest against recent increases in the cost fuel. Key roads in the capital Nairobi remained largely empty, forcing some commuters to walk to work, with other parts of the country also affected by the transport crisis. Businesses in parts of Nairobi remained shut and schools asked students to stay at home. Protesters have been barricading roads and lighting fires on the roads as the protests

continue. The strike comes days after the authorities raised petroleum prices to record levels, with costs increasing by more than 20%. Kenya, like many other African countries, relies heavily on fuel imports from the Gulf, a supply route disrupted by the US-Israel conflict with Iran that began on 28 February. (BBC News Web Page: 18/05/26, FARUK)

**CRUISE SHIP HIT BY HANTAVIRUS OUTBREAK DOCKS IN ROTTERDAM**

MV Hondius, the Dutch cruise ship hit by a deadly hantavirus outbreak, has docked at its final destination in Rotterdam. Only the ship's crew were aboard for the last leg of the journey, as all passengers docked off the ship in the Canary Islands between 10 and 11 May. Rotterdam port harbour master Rene de Vries said 25 mobile homes kitted out with catering and satellite communications would be available for the crew to self-isolate in. Three people - a Dutch couple and a German woman - died after travelling on the ship, with two of them confirmed to have had the virus. Canadian authorities confirmed another case on Sunday, bringing the number of infections among cruise passengers to 11. On Friday, the World Health Organization (WHO) had said eight cases were confirmed and a further two were suspected. (BBC News Web Page: 18/05/26, FARUK)

**UAE REPORTS STRIKE NEAR ABU DHABI NUCLEAR POWER PLANT**

The United Arab Emirates said a drone strike had triggered a fire near its nuclear power station on Sunday, calling the incident a "dangerous escalation". Officials are investigating the source of the strike. The country's defence ministry said three drones had entered the UAE from the "western border direction". While two were intercepted, the third drone struck an electrical generator "outside the inner perimeter" of the Barakah Nuclear Power Plant in Abu Dhabi, sparking a fire. No injuries were reported and there was no impact on radiological safety levels, local authorities said. The UAE's foreign ministry called the strike an "unacceptable act of aggression" and said it had the right to respond to any hostilities. (BBC News Web Page: 18/05/26, FARUK)

**RUSSIAN DRONE HITS CHINESE SHIP OFF UKRAINE BEFORE PUTIN VISITS XI JINPING**

Russian drones have hit two ships in the Black Sea approaching ports in Ukraine's Odesa region, including a Chinese-owned cargo vessel, one day before Russian President Vladimir Putin heads to Beijing to meet Xi Jinping. Ukraine's seaports authority said the strikes hit two civilian vessel on Monday, one under a Marshall Islands flag and the other under Guinea-Bissau's flag, both of which were heading to ports in the region. The Ukrainian navy reported a strike on the KSL Deyang, a Chinese-owned cargo ship with a Chinese crew under the Marshall Islands flag. It posted a photograph of the ship showing its name with one of its sides partially charred. (BBC News Web Page: 18/05/26, FARUK)

**ISRAEL BUILT TWO MILITARY BASES IN IRAQ BEFORE WAR ON IRAN: NYT**

Israel built two covert military outposts in Iraq's western desert in advance of the US-Israel war on Iran, The New York Times has reported. The daily reported on Sunday that Iraqi officials had identified two covert Israeli-operated base in Iraq's western desert, citing an Iraqi official and a lawmaker. It said Israeli forces had been preparing to build one of the makeshift sites since late 2024, citing a regional official. According to the newspaper, Israeli forces launched attacks from the base against Iraqi units that came close to discovering the site in early March. Open-source analysts cited by the report identified the suspected location using satellite imagery near Iraq's border with Saudi Arabia.
(BBC News Web Page: 18/05/26, FARUK)

**MALI DRONE STRIKES KILL AT LEAST 10 CIVILIANS AT WEDDING**

Drone strikes by Mali's army have killed at least 10 civilians as they prepared to celebrate a wedding in the central region of San in another escalation of the conflict since armed groups launched a widespread coordinated assault late last month. The strikes on Sunday occurred during a security crisis after attacks on the military government's positions last month by fighters from the al-Qaeda-linked Jama'at Nusrat al-Islam wal-Muslimin (JNIM) and Tuareg separatists known as the Azawad Liberation Front (FLA). A resident of the Tene locality, where the strikes took place, told the AFP news agency that "10 of our children" were killed. The strikes targeted "a procession of motorbikes following one another", he added.
(BBC News Web Page: 18/05/26, FARUK)

## :: THE END ::